# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 31, 1433 Bangla, May 14, 2026, Thursday, No. 131, 56th year

# H I G H L I G H T S

Government has approved Padma Barrage project in ECNEC meeting, involving an estimated cost of 34,497.25 Tk crore, aimed at benefiting 70 million people of the country. (BBC: 03)

Prime Minister Tarique Rahman has said in ECNEC meeting that rate schedule for all engineering departments will be same for project implementation. (Jago FM: 13)

Eight more children died from measles and measles-like symptoms in country. (BBC: 03)

Information and Broadcasting Minister has said, huge debt and economic crisis left behind by previous Awami League government is a major challenge for present government. (Jago FM: 18)

Bangladesh Foreign Minister, during his recent visit to China, formally sought support of that country in Teesta River Comprehensive Management and Restoration Project. (R. Tehran: 09)

Railway authorities have advised passengers to purchase tickets through Rail Sheba app to avoid harassment ahead of Eid-ul-Adha. (Jago FM: 17)

Education Minister has announced that solar plants will be installed in phases across all educational institutions in country. (R. Today: 23)

Bangladesh Passenger Welfare Association has reported that 510 people were killed in road accidents across the country in last month. (Jago FM: 14)

Five people died from rabies in Sundarganj Upazila of Gaibandha in last week. (Jago FM: 16)

Gunfire has been exchanged between two rival Rohingya armed groups in Balukhali refugee camp in Ukhiya, Cox's Bazar. (DW: 11)

Reuters has informed that Saudi Arabia launched numerous strikes on Iran in retaliation for attacks carried out in the kingdom during Middle East war. (BBC: 08)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ৩১, বাংলা ১৪৩৩, মে ১৪, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১৩১, ৫৬তম বছর**

# শিরোনাম

একনেক বৈঠকে প্রায় ৩৫ হাজার কোটি টাকার পদ্মা ব্যারাজ প্রকল্প অনুমোদন, উপকারভোগী হবে দেশের ৭ কোটি মানুষ। (বিবিসি: ০৩)

প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সব প্রকৌশল বিভাগের রেট শিডিউল এক থাকবে বলে একনেক বৈঠকে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১৩)

দেশে হামের উপসর্গ নিয়ে মারা গেছে আরো ৮টি শিশু। (বিবিসি: ০৩)

বিগত আওয়ামী লীগ সরকারের রেখে যাওয়া বিপুল ঋণ ও অর্থনৈতিক সংকট বর্তমান সরকারের জন্য বড় চ্যালেঞ্জ --- মন্তব্য তথ্য ও সম্প্রচার মন্ত্রীর। (জাগো এফএম: ১৮)

সাম্প্রতিক চীন সফরে আনুষ্ঠানিকভাবে তিস্তা নদীর সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্পে দেশটির সমর্থন কামনা বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রীর। (রে. তেহরান: ০৯)

আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে ট্রেনে যাত্রী হয়রানি এড়াতে রেল সেবা অ্যাপ ব্যবহার করে যাত্রীদের টিকিট কেনার পরামর্শ বাংলাদেশ রেলওয়ের। (জাগো এফএম: ১৭)

দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে পর্যায়ক্রমে সোলার প্যানেল স্থাপনের ঘোষণা শিক্ষা মন্ত্রীর। (রে. টুডে: ২৩)

গত মাসে সারা দেশে সড়ক দুর্ঘটনায় ৫১০ জন নিহত হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। (জাগো এফএম: ১৪)

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় গত এক সপ্তাহে জলাতঙ্কে আক্রান্ত হয়ে পাঁচজনের মৃত্যু। (জাগো এফএম: ১৬)

কক্সবাজারের উখিয়ার বালুখালী শরণার্থী ক্যাম্পে দুই প্রতিদ্বন্দ্বী রোহিঙ্গা সশস্ত্র গোষ্ঠীর মধ্যে গুলি বিনিময়। (ডয়েচে ভেলে: ১১)

মধ্যপ্রাচ্য যুদ্ধে সৌদি আরব কোনো ঘোষণা ছাড়াই ইরানে অসংখ্যবার হামলা চালিয়েছে --- জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। (বিবিসি: ০৮)

# বিবিসি

## রাজবাড়ীর পাংশায় হবে ৩৫ হাজার কোটি টাকার পদ্মা ব্যারাজ, একনেকে অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) প্রায় ৩৫ হাজার কোটি টাকার পদ্মা ব্যারাজ প্রকল্প অনুমোদন দিয়েছে বলে জানিয়েছেন পানি সম্পদ মন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি। "এ প্রকল্পের সাথে দেশের তিনভাগের এক ভাগ অঞ্চল, ২৪টি জেলার ৭ কোটি মানুষ উপকারভোগী হবে। জনস্বার্থে জনগুরুত্বপূর্ণ বিধায় প্রকল্পটি আজ অনুমোদন দেওয়া হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নের মধ্যদিয়ে দক্ষিণ পশ্চিমাঞ্চল ও উত্তরাঞ্চলের মানুষ উপকার পাবে," একনেক সভার পর সাংবাদিকদের জানিয়েছেন তিনি। পানিসম্পদমন্ত্রী বলেন, ফারাক্কা বাঁধের কারণে ব্যাপক খরা পরিস্থিতি তৈরি হয়, পদ্মার সাথে জড়িত নদীগুলো শুকিয়ে যায়, লবণাক্ততা ও জলাবদ্ধতা তৈরি হয়। "এই সব দিক বিবেচনা করে এটিকে মাস্টারমাইন্ড প্রকল্প বলা হয়। এটি আমাদের নির্বাচনি অঙ্গীকার ছিল। প্রধানমন্ত্রী তারেক রহমান নির্বাচনি সমাবেশে এ অঙ্গীকার করেছেন," বলেছেন তিনি। জানা গেছে, পদ্মা ব্যারাজ প্রকল্পের আওতায় রাজবাড়ীর পাংশা উপজেলায় ২ দশমিক ১ কিলোমিটার মূল বাঁধ নির্মাণ করা হবে, যার মাধ্যমে ২৯০ কোটি ঘনমিটার পানি সংরক্ষণ করা যাবে। এ ছাড়া, ১১৩ মেগাওয়াট ক্ষমতার একটি জলবিদ্যুৎকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা রয়েছে। প্রকল্প পরিকল্পনা মোতাবেক, সংরক্ষিত পানি দিয়ে পাঁচটি নদীর পানিপ্রবাহ পুনরুজ্জীবিত করা সম্ভব হবে। শুষ্ক মৌসুমে এসব নদীতে প্রায় ৮০০ কিউসেক মিটার পানি সরবরাহ করা যাবে বলে প্রকল্প পরিকল্পনায় বলা হয়েছে। প্রসঙ্গত, ২০০৯ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত সরকার এ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করেছিল। পরে আওয়ামী লীগ সরকারের সময়ে পানি উন্নয়ন বোর্ড প্রকল্পটির নকশা প্রণয়নের কাজ সম্পন্ন করে।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## কোরবানির পশুর চামড়ার দাম ঠিক করলো সরকার

সরকার ঈদুল আজহাকে সামনে রেখে কোরবানির পশুর চামড়ার দাম নির্ধারণ করেছে। ঢাকায় গরুর লবণযুক্ত চামড়ার প্রতি বর্গফুটের দাম দুই টাকা বাড়ানো হয়েছে বলে বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির জানিয়েছেন। তিনি বাণিজ্য মণত্রণালয়ে এক সভার পর সাংবাদিকদের সাথে কথা বলছিলেন। সভার সিদ্ধান্ত অনুযায়ী, চলতি বছর ঢাকায় গরুর প্রতি বর্গফুট লবণযুক্ত চামড়ার দাম ঠিক হয়েছে ৬২ থেকে ৬৭ টাকা। এটি গত বছর ছিল ৬০ থেকে ৬৫ টাকা। অন্যদিকে, ঢাকার বাইরে গরুর প্রতি বর্গফুট লবণযুক্ত চামড়ার দাম নির্ধারণ করা হয় ৫৭ থেকে ৬২ টাকা, যা গত বছর ছিল ৫৫-৬০ টাকা। এদিকে, এবার খাসির চামড়ার প্রতি বর্গফুট লবণযুক্ত ২৫ থেকে ৩০ টাকা এবং বকরি ২২ থেকে ২৫ টাকা নির্ধারণ করা হয়েছে, যা ঢাকা এবং ঢাকার বাইরে কার্যকর হবে। "চামড়া সংরক্ষণের জন্য ১৭ কোটি ৬০ লাখ টাকার লবণ বিনামূল্যে দেবে সরকার। এছাড়া, প্রতিটি এলাকায় ব্যবসায়ী ও মসজিদ-মাদ্রাসায় চামড়া সংরক্ষণ করা হবে," বলেছেন বাণিজ্যমন্ত্রী। তিনি জানান, কোরবানির ঈদে চামড়া যেন নষ্ট না হয়, সে জন্য তারা কাজ করছেন। "জেলা ও উপজেলা প্রশাসন সংশ্লিষ্ট মসজিদ-মাদ্রাসার লোকদের ডেকে এনে প্রশিক্ষণ দেবে। তারা কোরবানির পরে চামড়া সংরক্ষণ করার কাজটি করবেন," বলেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## 'কন্ট্রাক্ট ম্যারেজ' সিনেমার সনদ সাময়িক স্থগিত

চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড জানিয়েছে, পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র 'কন্ট্রাক্ট ম্যারেজ' নামে বাংলা সিনেমার সার্টিফিকেশন সনদ সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। "এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এটি দেশের কোনো প্রেক্ষাগৃহ বা অন্য কোনো মাধ্যমে প্রদর্শন করা যাবে না," বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে বলে জানিয়েছে তথ্য অধিদফতর। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, "নাটকের উদ্দেশ্যে ধারণকৃত দৃশ্যসমূহ সংশ্লিষ্ট অভিনেত্রীর অনুমতি ব্যতিরেকে চলচ্চিত্রে সংযোজনপূর্বক নির্মাণকাজ সম্পন্ন করা হয়েছে বলে বিভিন্ন অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক আলোচনা ও প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।" এতে আরও বলা হয়, "একইসঙ্গে উক্ত চলচ্চিত্রের বিষয়ে সংশ্লিষ্ট অভিনেত্রী মৌসুমী ও তার পক্ষে তার স্বামী ওমর সানী বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক মাধ্যমে প্রযোজক ও পরিচালকের বিরুদ্ধে বক্তব্য প্রদান করেছেন। এর প্রেক্ষিতে চলচ্চিত্রটি সম্পর্কে জনমনে বিরুপ প্রতিক্রিয়ার উদ্ভব হয়েছে।" (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## হাম উপসর্গ নিয়ে আরও ৮ শিশুর মৃত্যু

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে মারা গেছে আরো ৮টি শিশু। এর মধ্যে একজন নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মারা গেছে বলে স্বাস্থ্য বিভাগ জানিয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা ৪৩২ জনের। বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের বিবৃতিতে জানানো হয়, আজ সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম রোগে একজন আর হামের উপসর্গ নিয়ে মারা গেছে ৭ জন। বিবৃতিতে বলা হয়, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৬৯ জন এবং সন্দেহজনক হামে মৃত্যুর সংখ্যা ৩৬৩ জন। এ পর্যন্ত সারা দেশে নিশ্চিত হাম আক্রান্ত সংখ্যা ৭,১৫০ এবং সন্দেহজনক হাম আক্রান্তের সংখ্যা ৫৩ হাজার ৫৬ জন। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## সেবা প্রকাশনীর কার্যক্রম সাময়িক স্থগিত ঘোষণা

বাংলাদেশের সুপরিচিত প্রকাশনা সংস্থা- সেবা প্রকাশনী তাদের কার্যক্রম সাময়িক স্থগিতের নোটিশ দিয়েছে। প্রতিষ্ঠানটির অন্যতম অংশীদার কাজী শাহনূর হোসেন স্বাক্ষরিত এই নোটিশে বলা হয়েছে, "সেবা প্রকাশনীতে অভ্যন্তরীণ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির বিষয়টি সম্প্রতি আমাদের দৃষ্টিগোচর হয়েছে। এমতাবস্থায় অডিট কার্যক্রম নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে সেবা প্রকাশনীর সমস্ত কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করা হচ্ছে।" সেবা প্রকাশনীর উপদেষ্টা মাসুমা মায়মুর বিবিসি বাংলার কাছে এর সত্যতা নিশ্চিত করেছেন। তিনি সেবা প্রকাশনীর প্রতিষ্ঠাতা প্রয়াত কাজী আনোয়ারের হোসেনের পরিবারের সদস্য। ‘‘এটি আমাদের পারিবারিক সিদ্ধান্ত। কিছু দুর্নীতি ধরা পড়েছে। অডিটের স্বার্থে সাময়িক বন্ধ করা হয়েছে। অডিট শেষ করে নতুন করে আবার সেবা প্রকাশনীর কার্যক্রম শুরু হবে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। প্রসঙ্গত, বাংলাদেশের এক সময়ের জনপ্রিয় লেখক প্রয়াত কাজী আনোয়ার হোসেন সেবা প্রকাশনীর কর্ণধার ছিলেন। তিনি ছিলেন জনপ্রিয় স্পাই থ্রিলার সিরিজ 'মাসুদ রানার' স্রষ্টা। ১৯৬৩ সালে তিনি ঢাকার সেগুনবাগিচায় স্থাপন করেন সেবা প্রকাশনী। সেবা প্রকাশনী থেকেই ১৯৬৬ সালে প্রকাশিত হয় মাসুদ রানা সিরিজের প্রথম বই। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## সম্মিলিত ইসলামী ব্যাংক নিয়ে অনিশ্চয়তা কেন, জমা অর্থ কবে পাবেন গ্রাহক?

"ব্যাংকগুলো একেক সময় একেক বাহানা দেয়, আমাদের হয়রানির কোনো শেষ নাই। প্রায় দুই বছর ধরে তিন ব্যাংকে তিন কোটির উপরে টাকা আটকে আছে আমার।" বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন চট্টগ্রামের আন্দরকিল্লা এলাকার বাসিন্দা মোহাম্মদ আবুল কালাম আজাদ। ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক এবং সোশ্যাল ইসলামী ব্যাংকের তিনটি শাখায় তিন কোটি টাকার আমানত থাকলেও গত দেড় বছরে মাত্র সাত লক্ষ টাকা তুলতে পেরেছেন বলে দাবি এই ব্যবসায়ীর। "পাঁচ আগস্টের পর থেকে অনেক আন্দোলন করছি- মন্ত্রী, উপদেষ্টা, গভর্নরসহ ব্যাংক কর্তৃপক্ষের কাছে নানাভাবে আবেদন জানিয়েও কোনো কাজ হচ্ছে না," বিবিসি বাংলাকে বলেন মি. আজাদ। সম্প্রতি এসব ব্যাংকের গ্রাহকরা আমানতের অর্থ ফেরতসহ নানা দাবিতে চট্টগ্রাম, রাজশাহীসহ দেশের বিভিন্ন স্থানে আন্দোলন কর্মসূচি পালন করেছেন। চট্টগ্রামের খাতুনগঞ্জ এবং আগ্রাবাদ এলাকায় ব্যাংকগুলোর বেশ কয়েকটি শাখা অফিসে তালা ঝুলিয়ে দেওয়ার ঘটনাও ঘটেছে। আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকেই বড়ো আকারের খেলাপি ঋণের কারণে সংকটে রয়েছে শরিয়াভিত্তিক পাঁচটি ব্যাংক। দিনের পর দিন নানা কর্মসূচি পালন করেও জমা টাকা তুলতে না পারার অভিযোগ রয়েছে এসব ব্যাংকের অনেক গ্রাহকের। নড়বড়ে অবস্থায় থাকা এক্সিম ব্যাংক, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক এবং এসআইবিএল-কে রাষ্ট্রীয় উদ্যোগে একীভূত করে 'সম্মিলিত ইসলামী ব্যাংক' গঠন করা হলেও পরিস্থিতি খুব একটা বদলায়নি।

বরং ব্যাংকগুলোর মধ্যে সমন্বয়ের অভাব, একীভূত থাকতে অনাগ্রহ এবং আইনি মারপ্যাঁচে রাষ্ট্রীয় এই উদ্যোগ শেষমেষ কাজে আসবে কিনা এমন সন্দেহও তৈরি হয়েছে। অর্থনীতিবিদ এবং ব্যাংক খাত সংশ্লিষ্টরা বলছেন, একীভূত করার উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে শুরু থেকেই ভুল পথে হেঁটেছে সরকার। "আমরা ভেবেছিলাম, নতুন সরকার এসে এই পলিসিগুলো আবার রিভিউ করবে। কিন্তু এই সরকারও এগুলোকে নিয়েই এগোচ্ছে। কোনো কারণে যদি এটা ফেইল করে, তাহলে টোটাল রিফর্ম প্রক্রিয়ার ওপর মানুষের আস্থা নষ্ট হয়ে যাবে," বিবিসি বাংলাকে বলেন বিআইবিএম-এর সাবেক মহাপরিচালক ড. তৌফিক আহমদ চৌধুরী। যদিও একীভূতকরণের এই পদক্ষেপ এখনই ভেস্তে যাওয়ার কোনো শঙ্কা নেই বলেই জানিয়েছে বাংলাদেশ ব্যাংক।

### উদ্যোগ ভেস্তে যাওয়ার শঙ্কা কেন?

বাংলাদেশের ব্যাংকিং ইতিহাসে সাম্প্রতিক সময়ে সবচেয়ে বড়ো 'অপারেশন' হিসেবে পরিচিত 'সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি'। পাঁচটি রুগ্ন ব্যাংককে বাঁচানোর উদ্দেশ্য নিয়ে গত বছরের ডিসেম্বরে শুরু হওয়া এই উদ্যোগের ভিত্তি এখন বেশ নড়বড়ে বলেই মনে করছেন, অর্থনীতিবিদ এবং ব্যাংক খাত সংশ্লিষ্টরা। এই প্রক্রিয়া থেকে বেরিয়ে যেতে মাত্র পাঁচ মাসের মাথায় সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড বা এসআইবিএল-এর আনুষ্ঠানিক আবেদন এবং অন্যান্য অংশীদারদের অস্বস্তির কারণেই এমন পরিস্থিতি তৈরি হয়েছে। যার সঙ্গে যুক্ত হয়েছে ব্যাংকিং খাত সংস্কারে নতুন পাস হওয়া 'ব্যাংক রেজল্যুশন আইন ২০২৬'-এর একটি ধারা নিয়ে সৃষ্ট বিতর্ক। এক্ষেত্রে সম্মিলিত ইসলামী ব্যাংকের কার্যক্রম কাঙ্ক্ষিত গতি না পাওয়ার পেছনে বেশ কিছু কারণ চিহ্নিত করছেন বিশেষজ্ঞরা। যার মধ্যে আমানতকারীদের আস্থার সংকট সব থেকে গুরুত্বপূর্ণ বলেই মনে করা হচ্ছে। এছাড়া পাঁচটি ব্যাংকের ভিন্ন ভিন্ন সংস্কৃতি, কর্মী বাহিনী এবং ম্যানেজমেন্ট পদ্ধতিকে এক সুতোয় গাঁথা সম্ভব হয়নি বলেই মনে করেন বিশেষজ্ঞদের অনেকে। ব্যাংকগুলো মার্জার করার ক্ষেত্রে যৌক্তিক পদক্ষেপ নেওয়া হয়নি বলেই এখন এ নিয়ে নানা প্রশ্ন উঠছে বলে মনে করেন বাংলাদেশ ইনস্টিটিউট অফ ব্যাংক ম্যানেজমেন্ট বা বিআইবিএম-এর অধ্যাপক ড. আহসান হাবীব। "আপনি পাঁচটা একত্রিত করলেন, একটার ৯০ শতাংশ ডিফল্ট, আরেকটার তো ৪০ শতাংশ। যার বেশি, সে হয়ত এই পদক্ষেপে খুশি হচ্ছে।

কিন্তু যার কম, সে তো ভাবছে, অন্যের দায় কেন আমি নিতে যাবো," বিবিসি বাংলাকে বলেন তিনি। এছাড়া, অপেক্ষাকৃত দুর্বল অন্য ব্যাংকগুলোকেও এই উদ্যোগের আওতায় না এনে প্রশ্ন তৈরির সুযোগ রেখে দেওয়া হয়েছে বলেই মনে করেন মি. হাবীব। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "আমরা এই সুযোগগুলো প্রথম থেকে করে দিয়েছি। অন্তবর্তী সরকার যখন এই পাঁচটি ব্যাংককে একত্রিত করছিল, তখনও এই প্রশ্নগুলো এসেছিল, কিন্তু তখন তারা কেন এটা আমলে নেয়নি?"

**আইন নিয়ে যে বিতর্ক**

ব্যাংকিং খাতে এই মুহূর্তে সবচেয়ে আলোচিত এবং বিতর্কিত বিষয় হলো, ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে পাস হওয়া 'ব্যাংক রেজল্যুশন আইন ২০২৬'। এই আইনের বেশ কয়েকটি ধারা সম্মিলিত ইসলামী ব্যাংক-এর সফলতার পথেও প্রতিবন্ধকতা তৈরি করেছে বলেই মনে করেন ব্যাংক খাত সংশ্লিষ্টদের অনেকে। মূলত, আওয়ামী লীগ সরকারের পতনের পর ব্যাংক খাতের সংস্কারে 'ব্যাংক রেজল্যুশন অধ্যাদেশ ২০২৫' জারি করেছিল অন্তবর্তীকালীন সরকার। কিন্তু, ত্রয়োদশ জাতীয় সংসদে এই অধ্যাদেশটি 'বিল' আকারে পাস হওয়ার পর সেখানে আনা কিছু পরিবর্তন নিয়ে নানা আলোচনা ও বিতর্ক চলছে। ব্যাংক খাত সংশ্লিষ্টরা বলছেন, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী যে বিল উত্থাপন করেছেন, সেখানে এমন কিছু ধারা যুক্ত করা হয়েছে, যা সাবেক মালিকদের ফেরার সুযোগ করে দিয়েছে। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকে দেওয়া একটি লিখিত বক্তব্যে এ নিয়ে উদ্বেগও জানিয়েছে ব্যাংক মালিকদের সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস বা বিএবি। যেখানে পাস হওয়া নতুন আইনের ১৮(ক) ধারা নিয়েই মূল আলোচনা। দাবি করা হচ্ছে, এই ধারার মাধ্যমে একীভূত হওয়া বা 'রেজল্যুশন' প্রক্রিয়ায় থাকা ব্যাংকগুলোতে পুরোনো মালিকদের ফেরার আইনি পথ তৈরি করা হয়েছে। যারা ব্যাংক থেকে বড়ো অঙ্কের অর্থ আত্মসাৎ করেছেন, তারা যদি আবারও মালিকানায় ফিরে আসেন, তবে ব্যাংকিং খাতে সুশাসন ফেরানো অসম্ভব হয়ে পড়বে বলেই মনে করে বিএবি। সংশোধিত আইনের শর্ত পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করে সাবেক মালিকদের ফেরার সুযোগ হবে না বলে বাংলাদেশ ব্যাংকের গভর্নর তাদেরকে আশ্বস্ত করেছেন বলে জানান বিএবি সভাপতি।

এদিকে, এই ধারা ব্যবহার করে সম্মিলিত ইসলামী ব্যাংক থেকে বেরিয়ে যেতে বাংলাদেশ ব্যাংকে আনুষ্ঠানিক আবেদনও করেছে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড বা এসআইবিএল। গত ২৭ এপ্রিল এই সংক্রান্ত একটি আবেদনে, সম্মিলিত কাঠামো থেকে বেরিয়ে আবারও স্বতন্ত্র শরিয়াহ ব্যাংক হিসেবে কার্যক্রম পরিচালনা করার কথা জানিয়েছে প্রতিষ্ঠানটি। আইনের এই ধারা নিয়ে বিতর্ক তৈরির সুযোগ রয়েছে বলেই মনে করেন বিআইবিএম-এর অধ্যাপক ড. আহসান হাবীবও। কিন্তু এর মাধ্যমে অপরাধীরা যে নিশ্চিতভাবে ব্যাংকগুলোতে আবার ঢুকে পড়বে, এমনটি নয় বলেই মত তার। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "যদি কোনো ব্যাংক ফেইল করে, তাহলে তাৎক্ষণিকভাবে ক্যাপিটালটা কার কাছ থেকে নেবেন, তাদের কাছ থেকেই তো নিতে হবে। আমরা কল্পনা করছি যে, বিনিয়োগকারীরা সবাই খারাপ, কিন্তু এখানে ছোটো ছোটো ইনভেস্টররাও তো রয়েছেন।" এক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক এবং সরকারের দায়িত্বশীল ভূমিকার কথা বলছেন মি. হাবীব। "যারা ক্রিমিনাল, তাদের তো আইন দিয়ে ডিল করার সুযোগ রয়েছে, এখন অবশ্যই এটি নির্ভর করবে পুরো বিষয়টিকে আপনি কীভাবে বাস্তবায়ন করছেন," বলেন তিনি।

**শুরু থেকেই ভুল পথে**

২০২৫ সালের ২১ ডিসেম্বর একীভূত করা হয় এক্সিম ব্যাংক, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক এবং এসআইবিএল-কে। ওই সময় ব্যাংকগুলোর মোট ঋণের পরিমাণ ছিল প্রায় ১ লাখ ৯৬ হাজার কোটি টাকা। যার মধ্যে খেলাপি ঋণের হার ছিল ৪৮ শতাংশ থেকে ৯৭ শতাংশ পর্যন্ত। তারল্য সংকটে গ্রাহকদের জমানো টাকা ফেরত দেওয়ার ক্ষমতাও হারিয়ে ফেলেছিল ব্যাংকগুলো। এমন প্রেক্ষাপটে মূলত রাষ্ট্রীয় গ্যারান্টিতে সাধারণ আমানতকারীদের রক্ষার উদ্দেশ্যে 'সম্মিলিত ইসলামী ব্যাংক' গঠনের উদ্যোগ নেওয়া হয়। বহুল আলোচিত এই ব্যাংকের অনুমোদিত মূলধন ধরা হয় ৪০ হাজার কোটি টাকা এবং পরিশোধিত মূলধন প্রায় ৩৫ হাজার কোটি টাকা। যাত্রা শুরুর পর গ্রাহকদের টাকা ফেরত দিতে নেওয়া হয় বেশ কিছু পদক্ষেপও। কিন্তু একীভূতকরণের পর গত পাঁচ মাসে পরিস্থিতির উন্নতি যতটা হওয়ার কথা ছিল, তা হয়নি। বরং প্রশাসনিক জটিলতা, নতুন করে পুঁজির সংস্থান না হওয়া এবং আন্তঃব্যাংক সমন্বয়হীনতা সাধারণ গ্রাহকদের আস্থা ফেরাতে পারেনি। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্টের সাবেক মহাপরিচালক ড. তৌফিক আহমদ চৌধুরী বলছেন, একীভূতকরণ প্রক্রিয়া শুরু থেকেই ভুল পথে এগিয়েছে। তিনি বলছেন, "মার্জার সব সময়ই একটা ভলানটিয়ারি প্রক্রিয়া, এখানে তো সেটা মানা হয়নি। এখানে নিজেদের খেয়ালখুশি মতো ধরে মার্জ করা হয়েছে, এটা তো জোর করে হয় না।"

একীভূত করার কতগুলো অর্থনৈতিক ধাপ ও ধরন রয়েছে, যেগুলো এক্ষেত্রে বিবেচনায় রাখা হয়নি বলেও মনে করেন মি. চৌধুরী। "ভালোর সঙ্গে খারাপের মার্জার হতে পারে, কিন্তু সবগুলো খারাপ একসাথে মার্জ করলে তো ফলাফল জিরোই থাকবে। এগুলো খুব ভালো ফল দেবে বলে আমার মনে হয় না," বিবিসি বাংলাকে বলেন তিনি। ব্যাংকিং খাতে সুশাসন প্রতিষ্ঠা বা অপরাধ ঠেকাতে সার্বিক ব্যর্থতার দায় রাষ্ট্রকেই নিতে হবে বলে মত বিআইবিএম-এর অধ্যাপক ড. আহসান হাবীবের। তিনি বলছেন, "আমাদের মতো দেশে যদি কোনো ব্যাংক কমার্শিয়ালি ফেইল করে, তাহলে তার দায় গ্রাহকদেরকেও দিতে পারি, কিন্তু যে দেশে ব্যাংকের খারাপ করার ক্ষেত্রে সামগ্রিক অথরিটি দায়ী

থাকে বা ফাইনান্সিয়াল ক্রাইম থাকে, সেই দায়িত্ব সরকারকেও নিতে হবে, কারণ ক্রাইম ঠেকানোর দায়িত্ব সাধারণ মানুষের নয়।" এক্ষেত্রে গ্রাহকদের স্বার্থের বিষয়টি বিবেচনায় রেখেই সমস্যা সমাধানের দিকে এগোতে হবে এবং গ্রাহকদেরও ধৈর্য ধারণ করার পরামর্শ মি. হাবীব-এর। যদিও, দায়িত্ব নেওয়ার পর থেকেই পাঁচ ব্যাংকের চলমান একীভূতকরণ প্রক্রিয়া অব্যাহত রাখার কথা একাধিকবার জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমান। সম্প্রতি প্রতিষ্ঠানটির মুখপাত্র আরিফ হোসেন খান গণমাধ্যমকে জানিয়েছেন, "এখনও পর্যন্ত এই ব্যাংকের উল্লেখযোগ্য উন্নতি হয়নি। কোনো দেশি বা বিদেশি বিনিয়োগকারীও এখানে বিনিয়োগ করার মতো আগ্রহ দেখায়নি। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ নারগীস)

## পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর ঢাকা সফর নিয়ে আলোচনা কেন?

সম্প্রতি দুইদিনের ঢাকা সফরে এসেছিলেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী ও ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান সৈয়দ মহসিন রাজা নাকভি। কয়েকদিন ধরেই এই সফরকে ঘিরে সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশ আলোচনা চলছে। ৮ মে, শুক্রবার, ঢাকার মিরপুরে বাংলাদেশ-পাকিস্তান ক্রিকেট সিরিজের প্রথম টেস্ট খেলার দিন তিনি ঢাকায় পৌঁছান। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাকে স্বাগত জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম ও ক্রিকেট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা নিজামউদ্দিন। ওইদিনই বিকেলে ঢাকায় একটি পাঁচতারা হোটেলে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ এবং পরদিন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। এ সময় দুই দেশের মধ্যে মাদকদ্রব্য ও সাইকোট্রপিক উপাদানের অবৈধ পাচার এবং অপব্যবহার রোধে একটি সমঝোতা স্মারক বা এমওইউ স্বাক্ষরিত হয়েছে। পাকিস্তান ও বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীরা নিজ নিজ দেশের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন। আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষকরা মনে করছেন, পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী সৈয়দ মহসিন রাজা নাকভির এই ঢাকা সফর আঞ্চলিক ভূ-রাজনীতিতে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এটি কেবল "গুডউইল ভিজিট বা রাজনৈতিক ভিজিট না" বলে মনে করেন বিশ্লেষকরা।

মধ্যপ্রাচ্য, পশ্চিম এশিয়া, দক্ষিণ এশিয়া, যুক্তরাষ্ট্র কেন্দ্রিক রাজনীতিতে পাকিস্তান এখন ফ্যাক্টর হয়ে দাঁড়িয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-এর অধ্যাপক সাহাব এনাম খানের মতে, পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর এই সফর খুবই গুরুত্বপূর্ণ, কারণ ইরান যুদ্ধকে কেন্দ্র করে আঞ্চলিক রাজনীতিতে পাকিস্তান এখন ফ্যাক্টর হয়ে দাঁড়িয়েছে। "পরিবর্তিত পরিস্থিতি যেখানে মিডল ইস্ট, ইরান, চীন এবং মার্কিন যুক্তরাষ্ট্রকে কেন্দ্র করে নতুন যে ভূ-কৌশলগত অবস্থান তৈরি হয়েছে দক্ষিণ এশিয়ার রাজনীতিতে, সেটাও বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ। সুতরাং সবদিক মিলিয়ে পাকিস্তানের সাথে বাংলাদেশের সম্পর্ক স্বাভাবিকীকরণ করাটা অর্থনীতি ও স্থিতিশীলতার দিক থেকে দেখা প্রয়োজন," বলেন অধ্যাপক খান।

### পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর সফর নিয়ে কৌতুহল কেন?

পাকিস্তানের সাথে বাংলাদেশের সম্পর্ক সব সময়ই বেশ স্পর্শকাতর বলে বিবেচিত হয়। একাত্তরের মুক্তিযুদ্ধকে ঘিরে দেশটির সাথে সম্পর্ক রক্ষায় বেশিরভাগ সময়ই বাংলাদেশকে সচেতন থাকতে দেখা গেছে। বিশেষ করে, গত ১৭ বছর আওয়ামী লীগ সরকারের আমলে মানবতাবিরোধী অপরাধের বিচারকে ঘিরে দুই দেশের সম্পর্ক বেশ শীতল ছিল। চব্বিশের গণ-অভ্যুত্থানে শেখ হাসিনার সরকারের পতনের পরে অন্তর্বর্তী সরকারের আমলে অবশ্য দুই দেশের সম্পর্কে মোড় ঘুরতে দেখা গেছে। আবার পার্শ্ববর্তী দেশ ভারতের সাথে দূরত্ব তৈরি হয়েছিল। সে সময় থেকে পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীসহ একাধিক মন্ত্রী ও উর্ধ্বতন কর্মকর্তাদের বাংলাদেশ সফর এবং যোগাযোগ বাড়াতে দেখা গেছে। পরবর্তীতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর প্রধানমন্ত্রী তারেক রহমানের শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন পাকিস্তানের পরিকল্পনা, উন্নয়ন ও বিশেষ উদ্যোগ বিষয়ক মন্ত্রী আহসান ইকবাল চৌধুরী। এর আগে, ডিসেম্বরে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুর পর দেশটির স্পিকার সরদার আয়াজ সাদিক ঢাকায় এসে তারেক রহমানের সাথে দেখা করে সমবেদনা জানান। এরই মধ্যে, যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও ইরানের যুদ্ধে মধ্যস্থতাকারী হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে পাকিস্তান। বিবিসি বাংলাকে অধ্যাপক খান বলেন, "এই মুহূর্তে পাকিস্তান ওয়েস্ট এশিয়া অর্থাৎ ইরান, মার্কিন যুক্তরাষ্ট্রকেন্দ্রিক যে মধ্যস্থতায় আছে এবং সেই সাথে আফগানিস্তানের সাথে তাদের সম্পর্কের যে টানাপড়েন চলছে এবং চীনের সাথে তাদের যে একটা গভীর সম্পর্ক আছে, এই প্রত্যেকটাকেই এই সফরটা রিফ্লেক্ট করে।" আবার জঙ্গিবাদকে কেন্দ্র করে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে নিরাপত্তা ঝুঁকি রয়েছে। ফলে বাংলাদেশ ও পাকিস্তানের স্বাক্ষরিত এমওইউর কারণে দুই দেশের সম্পর্কে আস্থা ও স্বচ্ছতা তৈরি হবে। "এই ধরনের এমওইউ থাকা মানে পারস্পরিক সম্পর্কের মধ্যে অনেক বেশি ট্রান্সপারেন্সি তৈরি হচ্ছে। যেটা আঞ্চলিক স্থিতিশীলতার জন্য জরুরি," বলেন অধ্যাপক খান।

আঞ্চলিক স্থিতিশীলতা এবং অর্থনৈতিক দিক থেকে নতুন ক্ষেত্র তৈরির জন্য বাংলাদেশকে 'প্রাগমেটিক চিন্তা' করতে হবে বলেও মনে করছেন বিশ্লেষকরা। তারা বলছেন, বাংলাদেশের বর্তমান সরকারকে ভারতের সাথে সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে আন্তরিক দেখা গেছে। সেক্ষেত্রে ভারত-পাকিস্তানের যে ঐতিহাসিক সম্পর্কের পরম্পরা, সেটি বাংলাদেশ-ভারতের দূরত্ব আরো বাড়াবে কিনা- এমন প্রশ্নও তৈরি হয়েছে। তবে আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক অধ্যাপক খান মনে করেন, কোনো একটা পার্টিকুলার দেশের প্রিজম থেকে দেখাটা বাংলাদেশের পররাষ্ট্রনীতিতে ভুল হবে। "বাংলাদেশের

জন্য ভারত যে-রকম গুরুত্বপূর্ণ, পাকিস্তানও আঞ্চলিকভাবে খুবই গুরুত্বপূর্ণ এবং পাকিস্তানের সাথে মধ্যপ্রাচ্য, মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনের জন্য যে সম্পর্ক, সেটাও বাংলাদেশের জন্য বিবেচ্য, খুবই বিবেচ্য," বলেন অধ্যাপক খান।

**যে-সব সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে**

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে শুক্রবার যে সমঝোতা স্মারক বা এমওইউ স্বাক্ষর হয়, সেটির আওতায় দুই দেশ মাদক পাচার এবং মাদক-সংক্রান্ত অর্থ পাচার রোধে একে অপরকে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদান এবং কারিগরি সহায়তা করবে। বাংলাদেশের স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছিল, এই স্মারকের আওতায় মাদক অপরাধে জড়িত সন্দেহভাজন ব্যক্তি, পাচারকারী সংস্থা এবং পাচারের নতুন পদ্ধতি ও রুট সম্পর্কে নিয়মিত গোয়েন্দা তথ্য বিনিময় করবে দুই দেশ। ওই অনুষ্ঠানের পরে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সাংবাদিকদের জানিয়েছেন, দুই দেশের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো বাড়বে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "প্রাসঙ্গিকভাবে উভয় দেশের সম্পর্কের বিষয়ে কথা হয়েছে, দ্বিপাক্ষিক বাণিজ্যিক এবং আমাদের ডিপ্লোমেটিক যে রিলেশনশিপ, এগুলো তো সাধারণভাবেই আলোচনা হয়। আমাদের একটা ফ্রেন্ডলি রিলেশনশিপ আছে, ইন বিটুইন আওয়ার কান্ট্রিজ। এটা আরো উত্তরোত্তর বৃদ্ধি পাবে।" ওই বৈঠকে, ফৌজদারি অপরাধের তদন্তে দ্রুত তথ্য ও সাক্ষ্য বিনিময়ের লক্ষ্যে 'মিউচুয়াল লিগ্যাল অ্যাসিস্ট্যান্স ইন ক্রিমিনাল ম্যাটারস' চুক্তির গুরুত্ব তুলে ধরা হয়েছে বলেও জানিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এর ফলে আন্তঃসীমান্ত অপরাধ দমন এবং আইন প্রয়োগকারী সংস্থার মধ্যে সহযোগিতা আরও সুদৃঢ় হবে বলে মনে করছে বাংলাদেশ। এছাড়া, অপরাধীরা যাতে এক দেশ থেকে অন্য দেশে পালিয়ে বিচার এড়াতে না পারে, সেজন্য সন্ত্রাসবাদ ও আর্থিক অপরাধসহ বিভিন্ন ক্ষেত্রে কার্যকর প্রত্যর্পণ ব্যবস্থা নিয়ে দুই দেশের কথা হয়েছে বলেও জানিয়েছে বাংলাদেশ।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## ভাইস প্রেসিডেন্টকে সাইবার স্পেস সদর দপ্তরের দায়িত্ব দিলেন ইরানের প্রেসিডেন্ট

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান তার প্রথম ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ রেজা আরেফকে দেশের সাইবার স্পেসের বিশেষ সদর দপ্তর-এর প্রধান হিসেবে নিয়োগ দিয়েছেন। মি. পেজেশকিয়ানের জারি করা নির্দেশনায় সাইবারস্পেসে 'সমন্বিত শাসনব্যবস্থা' প্রতিষ্ঠা, 'ভিন্নমুখী বক্তব্য' বন্ধ করা এবং দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলোর মধ্যে 'সমান্তরাল কার্যক্রম' প্রতিরোধের ওপর জোর দেওয়া হয়েছে। এই নিয়োগ এমন সময়ে এসেছে, যখন আজ ইরানে ব্যাপক ইন্টারনেট বিঘ্ন ও বিধিনিষেধের ৭৫তম দিন চলছে। ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের হামলার সঙ্গে মিল রেখে ২৮ ফেব্রুয়ারি ইরানি সরকার আন্তর্জাতিক ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করে দেয়। এছাড়া, ইরানের বাইরে টেলিফোন কলও গুরুতরভাবে বিঘ্নিত হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## ডোনাল্ড ট্রাম্প দুই দিনের সফরে চীনে পৌঁছেছেন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দুইদিনের সফরে চীনে পৌঁছেছেন। এটি গত দশ বছরে যুক্তরাষ্ট্রের কোনো শীর্ষ নেতার চীন সফর। বুধবার এয়ারফোর্স ওয়ানে করে বেইজিং পৌঁছান মি. ট্রাম্প। সফরকালে তিনি চীনা প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক করবেন। যদিও এই সফরটি গত মার্চে হওয়ার কথা ছিল। কিন্তু যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ফেব্রুয়ারির শেষে ইরানে হামলা করায় সফরটি পিছিয়ে যায়। ইরান যুদ্ধ এবং এর সমাধানে মধ্যস্থতাকারী হিসেবে চীনের ক্রমবর্ধমান ভূমিকা তাদের মধ্যকার আলোচনায় গুরুত্বপূর্ণভাবে উঠে আসতে পারে। তবে যুক্তরাষ্ট্র ছাড়ার আগে ট্রাম্প বলেছিলেন, ইরান ইস্যুতে তার শি জিনপিংয়ের সহায়তার প্রয়োজন নেই। বাণিজ্য, প্রযুক্তি এবং তাইওয়ান ইস্যুও ট্রাম্পের এ সফরে আলোচনায় গুরুত্ব পাওয়ার সম্ভাবনা রয়েছে। ডোনাল্ড ট্রাম্প ট্রুথ সোশ্যাল-এ লিখেছেন, তিনি চীনকে বড়ো মার্কিন প্রযুক্তি কোম্পানিগুলোর জন্য তাদের বাজার আরও উন্মুক্ত করার আহ্বান জানাবেন। এসব কোম্পানির শীর্ষ নির্বাহীরাও তার সফরসঙ্গী হিসেবে আছেন। অন্যদিকে বেইজিংয়ের পক্ষ থেকে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হবে গত অক্টোবর মাসে হওয়া 'বাণিজ্য যুদ্ধবিরতি' চুক্তির মেয়াদ বাড়ানো, যা দুই দেশের মধ্যে শুল্ক বৃদ্ধির উত্তেজনা সাময়িকভাবে কমিয়েছিল। ২০১৭ সালের পর এই প্রথম ট্রাম্প বেইজিং সফরে যাচ্ছেন। সফরের সূচিতে রয়েছে গ্রেট হল অব দ্য পিপলে আনুষ্ঠানিক অভ্যর্থনা এবং ঝোংনানহাই সফর, যেখানে চীনের শীর্ষ নেতৃত্ব বসবাস ও কাজ করেন।

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## মণিপুরে হামলায় নিহত কুকি চার্চের তিন যাজক

ভারতের মণিপুরে এক অতর্কিত হামলায় কুকি চার্চের তিনজন যাজকের মৃত্যু হয়েছে এবং দু-জন গুরুতর আহত হয়েছে। বুধবার সকালে ইম্ফল-তামেংলং মহাসড়কের কোটলেন ও কোটজিম গ্রামের মধ্যবর্তী অঞ্চলে যাতায়াত করা যানবাহনের উপর হঠাৎ হামলা চালানো হয়। এরই একটি গাড়িতে সওয়ার হয়ে যাচ্ছিলেন কুকি চার্চের কয়েকজন যাজক। সেই সময় হঠাৎই হামলা চালানো হয় বলে অভিযোগ। নিহতদের মধ্যে রয়েছেন মণিপুর ব্যাপটিস্ট কনভেনশনের প্রাক্তন সাধারণ সম্পাদক রেভারেন্ড ডক্টর ভি. সিতলাহু, রেভারেন্ড কাইগোলুন এবং পাস্টর পাওগোলেন। ঘটনার নিন্দা জানিয়েছে 'কুকি অর্গানাইজেশন ফর হিউম্যান রাইটস।' ওই মানবাধিকার সংগঠন তার বিবৃতিতে বলেছে, "কুকি চার্চের জ্যেষ্ঠ নেতাদের একটি প্রতিনিধিদলের উপর চালানো এই হামলা এনএসসিএন-আইএম এবং

জেডইউএফ-এর ষড়যন্ত্র। প্রতিনিধিদলটি একটি ধর্মীয় সভায় যোগ দিতে চুড়াচাঁদপুর থেকে কাংপোকপি যাচ্ছিল। কিন্তু তাদের হত্যা করা হয়েছে।" "প্রতিনিধি দলে থাদু ব্যাপটিস্ট অ্যাসোসিয়েশন এবং ইউনাইটেড ব্যাপটিস্ট কাউন্সিলের সবচেয়ে জ্যেষ্ঠ পাদ্রিরা ছিলেন।" গত ফেব্রুয়ারি মাস থেকে থেকে মণিপুরের কুকি ও টাংখুল নাগাদের মধ্যে সহিংস সংঘর্ষের খবর প্রকাশ্যে এসেছে। দুইপক্ষের যুবকদের মধ্যে কথিত মারধরের ঘটনার সূত্র ধরে এই সংঘাত শুরু হয় বলে অভিযোগ। কিন্তু সহিংসতা দ্রুত বেশ কয়েকটি গ্রামে ছড়িয়ে পড়ে এবং তখন থেকেই দুইপক্ষের মধ্যে সংঘর্ষ অব্যাহত রয়েছে। বুধবার এই হামলার প্রতিবাদে ক্ষুব্ধ হয়ে কুকি ছাত্র সংগঠন দুপুর ১২:৩০টা থেকে চুড়াচাঁদপুরে একটানা বন্ধের ডাক দিয়েছে। এদিকে, গির্জার নেতাদের হত্যার প্রতিবাদে থাডো সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী সংগঠনগুলি কাংপোকপি জেলার সদর হিলে অবিলম্বে বন্ধের ডাক দিয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## যুদ্ধের সময় সৌদি আরবও গোপনে ইরানে হামলা করেছিল : রয়টার্স

বার্তা সংস্থা রয়টার্স বলছে, যুদ্ধের সময় সৌদি আরবে ইরানের হামলার জবাবে সৌদি আরবও কোনো ঘোষণা ছাড়াই ইরানে অসংখ্যবার হামলা করেছে। এর আগে, সংযুক্ত আরব আমিরাতও ইরানে বিমান হামলা চালিয়েছিল বলে খবর এসেছিল। এদিকে, চীন সফরের আগে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, "হয় আমরা ইরানের সঙ্গে একটি সমঝোতায় পৌঁছাবো, নয়তো তারা ধ্বংস হয়ে যাবে।" ওদিকে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, যুদ্ধ শেষ না হওয়ার একমাত্র কারণ হলো আমেরিকার 'অসততা' I রয়টার্স সোমবারই রিপোর্ট করেছিল যে, সংযুক্ত আরব আমিরাত যুদ্ধের সময় গোপনে ইরানে বিমান হামলা চালিয়েছিল। ওই রিপোর্টের একদিন পর ১২ মে মঙ্গলবার রয়টার্সের আরেক খবরে বলা হয়েছে, সৌদি আরবে ইরানের হামলার জবাবে সৌদি আরবও গোপনে বেশ কয়েকবার ইরানে হামলা করেছিল। এ তথ্য দিয়েছেন বিষয়টি সম্পর্কে অবগত দুইজন পশ্চিমা কর্মকর্তা এবং দুইজন ইরানি কর্মকর্তা। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, এ হামলাগুলোর খবর আগে প্রকাশ্যে আসেনি। এ থেকে বোঝা যায় যে, এই প্রথমবারের মতো সৌদি আরব সরাসরি ইরানের ভূখণ্ডে সামরিক পদক্ষেপ নিয়েছে। এর মাধ্যমে আরও একটি বিষয় প্রকাশ পেয়েছে যে, রিয়াদ এখন তার প্রধান আঞ্চলিক প্রতিদ্বন্দ্বীর বিরুদ্ধে আত্মরক্ষায় আরও সাহসী হয়ে উঠেছে। দুইজন পশ্চিমা কর্মকর্তা রয়টার্সকে জানিয়েছেন, হামলাগুলো সৌদি বিমানবাহিনী পরিচালনা করেছিল এবং সম্ভবত মার্চের শেষ দিকে এসব হামলা চালানো হয়। কর্মকর্তাদের একজন বলেন, "সৌদি আরবকে লক্ষ্য করে হামলা চালানোর প্রতিক্রিয়াতেই এই পাল্টা হামলা করা হয়েছিল।" তবে তারা এসব হামলার নির্দিষ্ট লক্ষ্যবস্তু নিশ্চিত করতে পারেনি বলে রয়টার্স উল্লেখ করেছে। রয়টার্স এ বিষয়ে সৌদি আরবের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক জ্যেষ্ঠ কর্মকর্তার সাথে যোগাযোগ করলেও, তিনি সরাসরি কিছু বলেননি। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ও রয়টার্সকে কোনো প্রতিক্রিয়া জানায়নি। যুক্তরাষ্ট্রের সঙ্গে গভীর সামরিক সম্পর্ক থাকা সৌদি আরব ঐতিহ্যগতভাবে নিরাপত্তার জন্য মার্কিন সামরিক শক্তির ওপর নির্ভরশীল। তবে সাম্প্রতিক ১০ সপ্তাহের যুদ্ধ দেশটিকে এমন হামলার মুখে ফেলেছে, যা আমেরিকার প্রতিরক্ষা ব্যবস্থাকেও অতিক্রম করে গিয়েছে। গতকাল ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছিল যে, সংযুক্ত আরব আমিরাত ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতি ঘোষণার প্রাথমিক মুহূর্তগুলোতে পারস্য উপসাগরে ইরানের তেল স্থাপনাগুলোর ওপর বিমান হামলা চালায়। এর মধ্যে লাভান দ্বীপে অবস্থিত ন্যাশনাল ইরানিয়ান অয়েল কোম্পানির অফশোর স্থাপনাতেও অন্তত একটি হামলাটি ছিল। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## ইরান যুদ্ধ বন্ধে চীন কী সহায়তা করতে পারবে?

চীনের বেইজিংয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিং-এর বৈঠকে ইরানের যুদ্ধই প্রাধান্য পাবে। ইরানের ওপর নিজেদের অর্থনৈতিক ও রাজনৈতিক প্রভাব ব্যবহার করতে চীনের ওপর ক্রমবর্ধমান চাপ তৈরি হচ্ছে যুক্তরাষ্ট্রের দিক থেকে। দুই দেশের মধ্যে কয়েক দশক পুরোনো একটি জোট রয়েছে। অন্যদিকে বেইজিংই তেহরানের সবচেয়ে বড়ো বাণিজ্যিক অংশীদার। এই মাসের শুরুতে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে বৈঠকে চীনের শীর্ষ কূটনীতিক ওয়াং ই বলেছেন, উত্তেজনা কমাতে বেইজিং সহায়তা করতে প্রস্তুত। এ নিয়ে কোনো সন্দেহ নেই যে, চীন এই যুদ্ধের অবসান চায়। ট্রাম্পের শুল্ক আরোপের আগেই চীনের অর্থনীতি ধীর প্রবৃদ্ধি ও বাড়তি বেকারত্বের সঙ্গে লড়াই করছিল। অর্থনীতি স্থিতিশীল দেখালেও, মধ্যপ্রাচ্যের এই সংঘাত এখন নতুন করে চাপ সৃষ্টি করছে। তেলের দাম বৃদ্ধি, কারখানা পরিচালনার খরচ ও অর্ডারের ওপর প্রভাব ফেলছে। চীন পাকিস্তানের শান্তি পরিকল্পনাকে সমর্থন জানিয়েছে, যা সংঘাত নিরসনে তাদের পরিমিত মধ্যস্থতার প্রচেষ্টার অংশ। একইসঙ্গে তারা এই সংঘাতে সরাসরি জড়িয়ে পড়া এড়ানোরও চেষ্টা করছে। (বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## ট্রাম্প এখন চীনে, যে-সব বিষয়ে তিনি জোর দিতে পারেন

ট্রাম্পের ক্ষেত্রে বরাবরের মতোই, এই সফরের একটি বড়ো অংশ হবে কেবল দেখানো কিংবা প্রচার। তিনি রাষ্ট্রীয় জাঁকজমকের মাঝে শক্তিশালী নেতাদের সঙ্গে ছবি তুলতে খুবই পছন্দ করেন। যদিও নীতির দিক থেকে দেখলে পরিস্থিতি অনেক বেশি জটিল। জীবনযাত্রার ব্যয়বৃদ্ধি নিয়ে জনঅসন্তোষের কারণে ট্রাম্পের জনপ্রিয়তার হার দ্রুত কমছে এবং এ বছরের মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের পরাজয়ের আশঙ্কাও বাড়ছে। যেহেতু এই মূল্যবৃদ্ধির সঙ্গে ইরান যুদ্ধের সম্পর্ক রয়েছে, তাই শি জিনপিংয়ের সঙ্গে আলোচনা কিছুটা সহায়ক হতে পারে, যদি বেইজিং তেহরানের ওপর

চাপ প্রয়োগে রাজি হয়। তবে, এটি ট্রাম্পের জন্য অত্যন্ত কঠিন একটি লক্ষ্য। বিনিময়ে শি জিনপিং ওয়াশিংটনের তাইওয়ানের প্রতি সমর্থন, বিশেষ করে অস্ত্র সরবরাহ নিয়ে ট্রাম্পের কাছ থেকে কিছু ছাড় চাইতে পারেন। বেইজিং স্বশাসিত দ্বীপ তাইওয়ানকে নিজেদের অংশ বলে দাবি করে। তবে হোয়াইট হাউস ইতোমধ্যে ইঙ্গিত দিয়েছে যে, তারা তাইওয়ান নীতিতে কোনো পরিবর্তন আনবে না। ট্রাম্পের জন্য তুলনামূলক সহজ সাফল্য হতে পারে বাণিজ্য খাতে। গত শরতে চীনা প্রেসিডেন্টের সঙ্গে করা শুল্কবিরতির বর্তমান সমঝোতা অব্যাহত রাখা হতে পারে। এর ফলে, যুক্তরাষ্ট্রের প্রযুক্তি খাত, বিশেষ করে প্রতিরক্ষা শিল্পের জন্য অত্যাবশ্যক চীনা বিরল খনিজ ও চুম্বকের সরবরাহ অব্যাহত থাকবে। এছাড়া, যুক্তরাষ্ট্রে চীনা বিনিয়োগ নিয়ে নতুন প্রতিশ্রুতির দিকেও নজর রাখা উচিত, যেমন বোয়িং বিমান কেনা এবং আরও বেশি মার্কিন সয়াবিন আমদানি, যা নির্বাচনে গুরুত্বপূর্ণ কিছু অঙ্গরাজ্যের হতাশ কৃষকদের জন্য গুরুত্বপূর্ণ বিষয়।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### তুরস্ক একটি দেশের কাছে বিক্রি করেছে দূরপাল্লার এয়ার ডিফেন্স মিসাইল, হতে পারে বাংলাদেশ

তুরস্ক গোপনে একটি দেশের কাছে বিক্রি করেছে, তাদের নিজস্ব তৈরি দূরপাল্লার এয়ার ডিফেন্স মিসাইল সিস্টেম। বিশ্লেষকদের মতে, এই দেশটি হতে পারে বাংলাদেশ। কারণ, ২০২৫ সালে বাংলাদেশ তুরস্ক থেকে মাঝারি পাল্লার হিসার ও দূরপাল্লার মিসাইল সিপার মিসাইল কেনার জন্য চুক্তি করতে যাচ্ছে বলে খবর প্রকাশিত হয়েছে প্রতিরক্ষা সংক্রান্ত কয়েকটি সংবাদ মাধ্যমে। তবে, এ চুক্তি সম্পন্ন হয়েছে কিনা, তা তুরস্ক এবং বাংলাদেশ, কোনো পক্ষ থেকে প্রকাশ করা হয়নি। সোমবার টাইমস অফ ইসলামাবাদসহ একাধিক গণমাধ্যমের খবরে বলা হয়েছে, তুরস্ক একটি অজ্ঞাত দেশের কাছে সিপার মিসাইল ডেলিভারি সম্পন্ন করেছে এবং প্রাপক দেশটির নাম প্রকাশ করেনি। তুরস্ক থেকে জানানো হয়েছে, চুক্তি অনুযায়ী তারা প্রাপক দেশটির নাম গোপন রেখেছে। হিসার মিসাইল আকাশে ১০০ কিলোমিটার থেকে ১৫০ কিলোমিটার দূরত্বে ৩০ কিলোমিটার উচ্চতায় শত্রুর ছোড়া ব্যালেস্টিক মিসাইল, ক্রুজ মিসাইল, ড্রোন, যুদ্ধ বিমানসহ অন্যান্য আকাশযান ধ্বংস করতে সক্ষম। প্রতিরক্ষা বিশ্লেষকদের মতে, বাংলাদেশ এ ধরনের মিসাইল সিস্টেম অর্জন করলে, তা দেশটির আকাশ প্রতিরক্ষার ক্ষেত্রে হবে নতুন এক মাইলফলক এবং নতুন যুগের সূচনা। সিপার ও হিসার একটি সারফেস এয়ার মিসাইল। এটি যুক্তরাষ্ট্রের প্যাট্রিয়েট মিসাইল সিস্টেমের সমকক্ষ। সিপার ও হিসার নির্মাতা আসেল সান রকেট সান ও টুবিটাক। প্রকাশিত খবরে বলা হয়েছে, তুরস্কের নিজস্ব তৈরি সিপার দূরপাল্লার মিসাইল সিস্টেম রপ্তানির ঘটনা দেশটির প্রতিরক্ষা শিল্প সম্প্রসারণে একটি গুরুত্বপূর্ণ মাইল ফলক।
(রেডিও তেহরান: ২০৩০ ঘ, ১৩.০৫.২০২৬ রুবাইয়া)

### লেবাননের ইসরাইলি বিমান হামলায় দুই বাংলাদেশি প্রবাসী নিহত

লেবাননের দক্ষিণাঞ্চলে ইসরাইলের বিমান হামলায় দুই বাংলাদেশি প্রবাসী নিহত হয়েছেন। নিহত দুইজনই সাতক্ষীরার বাসিন্দা। সোমবার দুপুরে নাবাতি জেলার জিবদিন এলাকায় তাদের আবাসস্থলে এ হামলার ঘটনা ঘটে। বৈরুতে বাংলাদেশ দূতাবাস থেকে জানানো হয়, সোমবার দুপুর ১২টার দিকে দক্ষিণ লেবাননের নাবাতি জিবদিন জেলার এলাকায় তাদের আবাসস্থলে ইসরাইলের বিমান হামলা হলে ঘটনাস্থলে তারা নিহত হন। পরে তাদের মরদেহ নাবাতিয়ের নাবিহ বেররি হাসপাতালে রাখা হয়। (রেডিও তেহরান: ২০৩০ ঘ, ১৩.০৫.২০২৬ রুবাইয়া)

### তিস্তা ইস্যুতে দীর্ঘ প্রতীক্ষার রাজনীতি থেকে বেরিয়ে নতুন কৌশলগত পথ বেছে নিয়েছে বাংলাদেশ

বাংলাদেশ অবশেষে, তিস্তা ইস্যুতে দীর্ঘ প্রতীক্ষার রাজনীতি থেকে বেরিয়ে এসে নতুন কৌশলগত পথ বেছে নিয়েছে। ৬ মে বেইজিংয়ে বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা খলিলুর রহমান ও চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং-এর বৈঠকে শুধু এক চীন নীতির প্রতি বাংলাদেশের সমর্থন পুনর্ব্যক্ত হয়নি। একই সাথে এমন একটি বার্তা দেওয়া হয়েছে, যা নয়াদিল্লিতে গভীর অস্বস্তির সৃষ্টি করেছে। বৈঠকে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে তিস্তা নদীর সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্পে চীনের অংশগ্রহণ ও সমর্থন চেয়েছে। প্রায় দেড় দশক ধরে ঝুলে থাকা তিস্তা সংকটকে এবার কার্যত চীনের আলোচনার টেবিলে তুলে দিল ঢাকা। দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতিতে এই পদক্ষেপকে অনেক বিশ্লেষক শুধু একটি পানি প্রকল্পের বিষয় হিসেবে দেখছেন না। বরং এটিকে ভারত চীন প্রতিদ্বন্দ্বিতার নতুন অধ্যায় হিসেবেও মূল্যায়ন করছেন। তিস্তা নদী বাংলাদেশের উত্তর অঞ্চলের কৃষি ও জনজীবনের অন্যতম একটি প্রধান ভিত্তি। লালমনিরহাট, নীলফামারী, কুড়িগ্রাম ও গাইবান্ধাসহ বিস্তীর্ণ অঞ্চলের সেচ ব্যবস্থা এই নদীর পানির উপর নির্ভরশীল। বাংলাদেশ সরকারের বিভিন্ন হিসেব অনুযায়ী, দেশের প্রায় ১৪% আবাদি জমি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তিস্তার পানির সঙ্গে যুক্ত এবং প্রায় সাত শতাংশের বেশি মানুষের জীবন-জীবিকা এই নদীকেন্দ্রিক। কিন্তু শুষ্ক মৌসুমে ভারত উজানে পানি প্রত্যাহার করায়, নদীটির প্রবাহ ভয়াবহভাবে কমে যায়। অনেক স্থানে নদী প্রায় শুকিয়ে খালে পরিণত হয়েছে। কৃষকরা সেচ সংকটে পড়েন। ভূ-গর্ভস্থ পানির ওপর চাপ বাড়ে এবং উত্তরাঞ্চলে পরিবেশগত ভারসাম্য নষ্ট হতে থাকে। দীর্ঘদিন ধরেই বাংলাদেশ তিস্তার পানির ন্যায্য হিস্যার দাবি জানিয়ে আসছে।

২০১১ সালে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর ঢাকা সফরে দুই দেশের মধ্যে একটি সমঝোতার খসড়া প্রায় চূড়ান্ত হয়েছিল। আলোচনায় ভারত ৪২.৫ শতাংশ এবং বাংলাদেশ ৩৭.৫% পানি পাবে, এমন একটি কাঠামো

নিয়ে ঐকমত্য হয়েছিল বলে তখন জানানো হয়। কিন্তু শেষ মুহূর্তে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আপত্তি জানান। তার বক্তব্য ছিল, পশ্চিমবঙ্গের উত্তর অঞ্চলের কৃষি চাহিদা পূরণ না করে বাংলাদেশকে পানি দেওয়া সম্ভব নয়। ভারতের সংবিধান অনুযায়ী, পানি রাজ্য সরকারের বিষয় হওয়ায়, কেন্দ্রীয় সরকার চুক্তি বাস্তবায়ন থেকে সরে আসে। সেই থেকে তিস্তা চুক্তি কার্যত স্থবির হয়ে পড়ে। বাংলাদেশে তখন ব্যাপক হতাশা তৈরি হয়। কারণ দিল্লি রাজনৈতিকভাবে সদিচ্ছার কথা বললেও, বাস্তবে কোনো সিদ্ধান্ত কার্যকর করতে পারেনি। এরপর নরেন্দ্র মোদী ক্ষমতায় আসার পরও তিস্তা নিয়ে বহুবার আলোচনা হয়েছে। যৌথ নদী কমিশনের বৈঠক হয়েছে, কারিগরি টিম আদান-প্রদান হয়েছে, কিন্তু বাস্তব অগ্রগতি হয়নি। বাংলাদেশে অনেকেই মনে করেন, ভারত ইচ্ছা করেই বিষয়টি ঝুলিয়ে রেখেছে। মোদি সরকার শুরুতেই নেইবারহুড ফার্স্ট নীতির কথা বলে এসেছে। বাংলাদেশকে আঞ্চলিক সহযোগিতার অন্যতম গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবেও তুলে ধরা হয়েছে। নিরাপত্তা সহযোগিতা, সীমান্ত ব্যবস্থাপনা, বিদ্যুৎ, বাণিজ্য, ট্রানজিট ও কানেক্টিভিটির ক্ষেত্রে দুই দেশের সম্পর্ক গত এক দশকে উল্লেখযোগ্যভাবে ঘনিষ্ঠ হয়েছে। কিন্তু তিস্তার মতো একটি আবেগঘন প্রশ্নে দিল্লির নিষ্ক্রিয়তা বাংলাদেশের জনগণের মধ্যে হতাশা বাড়িয়েছে। বিশেষ করে, যখন বাংলাদেশ ভারতে নিরাপত্তা উদ্বেগ মোকাবিলায় বড়ো ধরনের সহযোগিতা দিয়েছে, তখন ঢাকায় প্রশ্ন উঠেছে। বিনিময়ে বাংলাদেশ কী পেয়েছে? এবার সেই প্রশ্নের উত্তর খুঁজতে বাংলাদেশ নতুন বাস্তবতার দিকে এগোচ্ছে বলে মনে করছেন, রাজনৈতিক বিশ্লেষকরা। বেইজিং-এ বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের বক্তব্য ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তিনি স্পষ্ট ভাষায় বলেন, এটি ভাটির অঞ্চলের মানুষের জন্য জীবন-মরণের প্রশ্ন। সমাধানের জন্য আমরা আর অপেক্ষা করতে পারি না। কূটনৈতিক ভাষায়, এই বক্তব্যের অর্থ পরিষ্কার, বাংলাদেশ বুঝিয়ে দিয়েছে, ভারত যদি সমাধান না দেয়, তাহলে ঢাকা বিকল্প পথ নেবে। চীন সে বিকল্প হিসেবে অনেক আগেই নিজেকে প্রস্তুত করেছে।

গত এক দশকে বাংলাদেশে চীনের অর্থনীতিক উপস্থিতি অনেক বেড়েছে। পদ্মা সেতু, রেল যোগাযোগ, কর্ণফুলি টানেল, পায়রা বিদ্যুৎ প্রকল্প, শিল্পাঅঞ্চল উন্নয়ন, সড়ক ও অবকাঠামো নির্মাণসহ বহু বড়ো প্রকল্পের চীন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বেল্ট অ্যান্ড রোড ইনিসিয়েটিভ-এর আওতায় বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে দেখে বেইজিং। ফলে তিস্তা প্রকল্পেও চীনের আগ্রহ নতুন কিছু নয়। প্রতিবেদন অনুযায়ী, তিস্তা পুনরুদ্ধার ও সমন্বিত ব্যবস্থাপনা প্রকল্পে চীন কয়েকশো কোটি ডলার সহায়তার আগ্রহ দেখিয়েছে। প্রকল্পের আওতায় নদী খনন, পানি সংরক্ষণ, নদী ভাঙন রোধ, সেচ অবকাঠামো উন্নয়ন এবং নদীকেন্দ্রিক অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। বাংলাদেশের জন্য এটি শুধু পানি ব্যবস্থাপনা নয় বরং উত্তরাঞ্চলের অর্থনীতি পুনর্গঠনের একটি সম্ভাবনাও। কিন্তু ভারতের জন্য এখানেই সবচেয়ে বড়ো উদ্বেগ। কারণ তিস্তা অববাহিকার ভৌগোলিক অবস্থান ভারতের কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ শিলিগুড়ি করিডোরের খুব কাছাকাছি। 'চিকেন নেক' নামে পরিচিত এই করিডোর ভারতের মূল ভূখণ্ডকে উত্তর পূর্বাঞ্চলীয় সাত রাজ্যের সঙ্গে যুক্ত করেছে। সবচেয়ে সরু অংশে এর প্রস্থ মাত্র ২০ কিলোমিটারের সামান্য বেশি। ভারতীয় সামরিক বিশ্লেষকদের মতে, এটি ভারতের সবচেয়ে সংবেদনশীল ভৌগোলিক অঞ্চলগুলোর মধ্যে একটি। কোনো বড়ো সংঘাতের সময় এই করিডোর বিচ্ছিন্ন হয়ে গেলে উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে ভারতের যোগাযোগ ভয়াবহভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। এই বাস্তবতায় বাংলাদেশের ভেতরে চীনের বড়ো আকারের পানি অবকাঠামো প্রকল্পকে ভারত নিছক উন্নয়ন সহযোগিতা হিসেবে দেখছে না।

দিল্লির নিরাপত্তা মহলে শঙ্কা রয়েছে, চীনা প্রকৌশলী, প্রযুক্তি ও অবকাঠামগত উপস্থিতি ভবিষ্যতে কৌশলগত নজরদারি সক্ষমতায় পরিণত হতে পারে। ভারত বহুদিন ধরেই আশঙ্কা করে আসছে যে, চীন ধীরে ধীরে ভারত মহাসাগর ও দক্ষিণ এশিয়ায় একটি কৌশলগত বলয় গড়ে তুলছে। পাকিস্তানে চীন-পাকিস্তান অর্থনীতিক করিডোর, শ্রীলঙ্কার হাম্বানটোটা বন্দর, মিয়ানমারের কিয়াওফু বন্দর- সবকিছু মিলিয়ে দিল্লির কাছে যে একটি বড়ো নিরাপত্তা চ্যালেঞ্জ। এখন তিস্তা প্রকল্পে চীনের প্রবেশ সেই উদ্বেগ আরও বাড়িয়ে তুলছে। ভারতের আরেকটি বড়ো দুশ্চিন্তা হলো বাংলাদেশ ধীরে ধীরে কৌশলগত ভারসাম্যের নতুন হিসেব কষছে। এতদিন দিল্লি মনে করত, ভৌগোলিক বাস্তবতার কারণে বাংলাদেশ শেষ পর্যন্ত ভারতের প্রভাব বলয়ের বাইরে যেতে পারবে না। কিন্তু বর্তমান পরিস্থিতি দেখাচ্ছে, ঢাকা এখন বহুমাত্রিক কূটনীতির দিকে এগোচ্ছে। ভারত, চীন, যুক্তরাষ্ট্র, জাপান সব পক্ষের সঙ্গে সম্পর্ক বজায় রেখে বাংলাদেশ নিজের কৌশলগত স্বাধীনতা বাড়ানোর চেষ্টা করছে। তিস্তা ইস্যুতে চীনের দিকে ঝুকে পড়া সেই বৃহত্তর কৌশলের অংশ বলে মনে করছেন পর্যবেক্ষকরা। কারণ বাংলাদেশ এখন বুঝতে শুরু করেছে, শুধু ঐতিহাসিক সম্পর্কের উপর নির্ভর করলে হবে না, বাস্তব ফলাফলও প্রয়োজন। দীর্ঘ ১৫ বছর ধরে ভারত আলোচনার কথা বললেও, বাস্তবে কোনো চুক্তি কার্যকর করতে পারেনি। অন্যদিকে, চীন দ্রুত প্রকল্প বাস্তবায়ন, অর্থায়ন এবং দৃশ্যমান অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষিণ এশিয়ায় নিজেদের কার্যকর অংশীদার হিসেবে তুলে ধরছে। এখানে ভারতের জন্য মূল সংকট শুধু তিস্তার পানি নয় বরং আস্থার প্রশ্ন। দক্ষিণ এশিয়ার ছোটো দেশগুলো এখন দেখছে, ভারত প্রায় প্রতিশ্রুতি দিলেও, বাস্তবায়নে ধীর আর চীন দ্রুত কাজ শেষ করে। নেপাল, শ্রীলঙ্কা, মালদ্বীপের পর বাংলাদেশেও যদি এই ধারণা শক্তিশালী হয়, তাহলে আঞ্চলিক রাজনীতিতে ভারতের অবস্থান দুর্বল হতে পারে। বাংলাদেশের ভেতরেও তিস্তা ইস্যু এখন রাজনীতিক ও কূটনীতিক প্রতীকে পরিণত হয়েছে। উত্তর অঞ্চলের মানুষ বহু বছর ধরে পানির ন্যায্য হিস্যার দাবিতে আন্দোলন করছে। নদী শুকিয়ে যাওয়ায় কৃষি উৎপাদন ক্ষতিগ্রস্ত হচ্ছে, নদীকেন্দ্রিক অর্থনীতি ভেঙে পড়ছে। ফলে সরকারের উপর

চাপ বাড়ছিল। কেবল আলোচনা নয়, বাস্তব পদক্ষেপ নিতে হবে। সেই চাপের বাস্তব প্রতিফলন এখন চীনের দিকে ঝুকে পড়া। তবে, সিদ্ধান্তের ঝুঁকিও রয়েছে। চীনের অর্থায়ন নিয়ে বিশ্ব জুড়ে নানা বিতর্ক আছে। অনেক ক্ষেত্রে চীনা ঋণকে ঋণের ফাঁদ হিসেবেও সমালোচনা করা হয়। শ্রীলঙ্কার হাম্বানটোটা বন্দর দীর্ঘমেয়াদি ইজারা দেওয়ার ঘটনা প্রায়ই উদাহরণ হিসেবে সামনে আনা হয়। যদিও বাংলাদেশ এখন পর্যন্ত তুলনামূলকভাবে সতর্ক অর্থনৈতিক নীতি অনুসরণ করেছে, তবুও তিস্তার মতো কৌশলগত প্রকল্পে গভীর চীনা সম্পৃক্ততা ভবিষ্যতে নতুন নির্ভরতা তৈরি করতে পারে। এছাড়া, ভারত বাংলাদেশ সম্পর্কেও এর প্রভাব পড়তে পারে। দিল্লি হয়ত প্রকাশ্যে কঠোর প্রতিক্রিয়া দেখাবে না, কিন্তু কৌশলগতভাবে বিষয়টি তারা গভীরভাবে পর্যবেক্ষণ করবে। বিশেষ করে নিরাপত্তা, সীমান্ত ও আঞ্চলিক যোগাযোগের প্রশ্নে ভারত ভবিষ্যতে আরও সতর্ক অবস্থান নিতে পারে। তবে, একইসঙ্গে দিল্লির সামনে একটি বড়ো প্রশ্ন উঠে এসেছে। বাংলাদেশকে কি তারা সত্যিই সমমর্যাদার অংশীদার হিসেবে বিবেচনা করছে, নাকি কেবল প্রভাব বলয়ের একটি দেশ হিসেবে দেখছে?

অনেক বিশ্লেষকের মতে, তিস্তা ইস্যু ভারতের জন্য একটি সতর্ক সংকেত। কারণ, দক্ষিণ এশিয়ার নেতৃত্ব শুধু সামরিক শক্তি বা ভৌগোলিক অবস্থানের উপর নির্ভর করে না বরং নির্ভর করে বিশ্বাসযোগ্যতার উপর। প্রতিবেশীরা যদি মনে করে, ভারত প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে পারে না, তাহলে তারা স্বাভাবিকভাবেই বিকল্প শক্তির দিকে ঝুকবে। বাংলাদেশ এখন সেই বাস্তবতার একটি উদাহরণ। চীনের জন্য এটি বড়ো কুটনৈতিক সুযোগ। বেইজিং খুব সতর্কভাবে বাংলাদেশকে কাছে টানছে। তারা সরাসরি ভারত বিরোধী অবস্থান নিচ্ছে না, কিন্তু উন্নয়ন সহযোগিতা ও দ্রুত বাস্তবায়নের বার্তা দিচ্ছে। চীনের কৌশলই হলো অর্থনৈতিক প্রকল্পের মাধ্যমে দীর্ঘমেয়াদি প্রভাব তৈরি করা। তিস্তা প্রকল্প যদি বাস্তবে রূপ নেয়, তাহলে সেটি শুধু উত্তর বাংলাদেশের পানি ব্যবস্থাপনা নয় বরং দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতির মানচিত্রেও প্রভাব ফেলবে।

এদিকে, বাংলাদেশের কূটনৈতিক অবস্থানও বদলাচ্ছে। এতদিন তিস্তা প্রশ্নে ঢাকা অপেক্ষার নীতি অনুসরণ করেছে কিন্তু এখন সেই ধৈর্যের সীমা শেষ হয়েছে বলেই মনে হচ্ছে। খলিলুর রহমানের বক্তব্যে সেই হতাশা স্পষ্ট ছিল। তিনি কার্যত জানিয়ে দিয়েছেন, বাংলাদেশের জনগণের স্বার্থ রক্ষার জন্য প্রয়োজন হলে নতুন অংশীদার বেছে নেওয়া হবে। এই অবস্থান বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক বার্তাও বহন করে। সরকার দেখাতে চাইছে যে, তারা শুধু কূটনৈতিক আশ্বাসে বসে নেই বরং বাস্তব সমাধান খুঁজছে। বিশেষ করে, উত্তরাঞ্চলের মানুষের কাছে এটি একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক সংকেত। সব মিলিয়ে তিস্তা এখন শুধু একটি নদী নয়, এটি দক্ষিণ এশিয়ার শক্তির প্রতিযোগিতার প্রতীক। এখানে পানি যেমন গুরুত্বপূর্ণ, তেমনি গুরুত্বপূর্ণ কৌশলগত প্রভাব, আঞ্চলিক নেতৃত্ব এবং বিশ্বাসযোগ্যতা। ভারত যদি দ্রুত ও বাস্তবসম্মত সমাধানের পথে না আসে, তাহলে বাংলাদেশের চীনমুখী ঝোক আরো বাড়তে পারে। আর সেটি হবে নয়াদিল্লির জন্য সবচেয়ে বড়ো কৌশলগত ধাক্কা। কারণ শেষ পর্যন্ত ভূ-রাজনীতিতে শূন্যস্থান বলে কিছু থাকে না। যে শক্তি আস্থা হারায়, তার জায়গা অন্য কেউ এসে পূরণ করে। তিস্তা ইস্যুতে বাংলাদেশের সাম্প্রতিক পদক্ষেপ, সেই পরিবর্তনেরই স্পষ্ট ইঙ্গিত দিচ্ছে। দক্ষিণ এশিয়ার রাজনীতিতে এখন সবচেয়ে বড়ো প্রশ্ন, ভারত কি এখনো সময় থাকতে পরিস্থিতি সামাল দিতে পারবে, নাকি তিস্তার স্রোতের সঙ্গে সঙ্গে আঞ্চলিক প্রভাবও ধীরে ধীরে বেইজিংয়ের দিকে প্রবাহিত হবে। (রেডিও তেহরান : ১৩.০৫.২০২৬ রুবাইয়া ও এলিনা)

## এনএইচকে

### চীনের ওপর মার্কিন চাপের পাল্টা জবাব দিয়েছে ইরান

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চীন সফরের প্রাক্কালে ইরানি কর্মকর্তারা বেইজিংয়ের সঙ্গে তাদের শক্তিশালী সম্পর্কের কথা তুলে ধরেছেন। তারা বলেছেন, মার্কিন চাপ সত্ত্বেও তাদের প্রতি চীনের অবস্থানে কোনো পরিবর্তন আসবে না। চীনে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত আবদোল রেজা রহমানি ফজলি সামাজিক যোগাযোগ মাধ্যমে জানিয়েছেন যে, দুই দেশ একটি শক্তিশালী সম্পর্ক গড়ে তুলেছে। তিনি আরও বলেন, দুটি দেশেরই সভ্যতা বহু প্রাচীন এবং তাদের মধ্যে গভীর সাংস্কৃতিক বন্ধন রয়েছে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই আলোচনায় যুক্তরাষ্ট্রের দাবিকে "অন্যায়" বলে সমালোচনা করেছেন। তিনি বলেন, আলোচনায় "পারস্পরিক আদান-প্রদান" থাকা প্রয়োজন। বাঘাই বলেন, "আপনি যদি মনে করেন যে, আলোচনা মানে একতরফাভাবে শতভাগ সন্তুষ্টি, তবে তা আলোচনা নয়, তা হলো- আপনার ইচ্ছাকে চাপিয়ে দেওয়া এবং তা কোনো অবস্থাতেই ঘটবে না, অন্তত ইরানের ক্ষেত্রে তো নয়ই।" তিনি সতর্ক করে দিয়ে বলেছেন যে, সম্ভাব্য মার্কিন স্থল অভিযানসহ 'সব ধরনের পরিস্থিতির জন্য' ইরানি বাহিনী প্রস্তুত রয়েছে। ট্রাম্প মঙ্গলবার ওয়াশিংটনে সাংবাদিকদের বলেছেন যে, তিনি তেহরানের সঙ্গে "কেবল একটি ভালো চুক্তিই করবেন" এবং যুদ্ধবিরতি বর্তমানে পর্যালোচনাধীন রয়েছে। (এনএইচকে ওয়েব পেজ: ১৩.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### উখিয়া ক্যাম্পে আবার রোহিঙ্গাদের দুই সশস্ত্র গোষ্ঠীর সংঘর্ষ

কক্সবাজারের উখিয়ার বালুখালী শরণার্থী ক্যাম্পে দুই প্রতিদ্বন্দ্বী রোহিঙ্গা সশস্ত্র গোষ্ঠীর মধ্যে নতুন করে গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে এক রোহিঙ্গা যুবক গুলিবিদ্ধ হয়েছেন। গতকাল মঙ্গলবার বিকেলে ক্যাম্প-৮ এর ব্লক-বি এলাকায়

এ ঘটনা ঘটে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানিয়েছে। গুলিবিদ্ধ যুবক হাসমত উল্লাহ (২২) ওই ক্যাম্পের বাসিন্দা। সম্প্রতি ক্যাম্পের নিয়ন্ত্রণ নিয়ে দুই সশস্ত্র গোষ্ঠী নবি হোসেন গ্রুপ, যা আরাকান রোহিঙ্গা আর্মি (এআরএ) নামেও পরিচিত ও আরাকান রোহিঙ্গা অর্গানাইজেশনের (এআরও) মধ্যে উত্তেজনা বৃদ্ধি পেয়েছে। গত ৬ মে দুপুর আড়াইটার দিকে বালুখালী ক্যাম্পে এআরও সদস্যদের গুলিতে ক্যাম্পের মোহাম্মদ কামাল ওরফে নূর কামাল (৪৫) নিহত হন। তিনি এআরএ গ্রুপের প্রধান নবি হোসেনের ছোটো ভাই ছিলেন। এর একদিন আগে, ৫ মে সন্ধ্যা সাড়ে ৬টার দিকে বালুখালীর ক্যাম্প-৭-এ নবি হোসেন গ্রুপের সদস্যদের গুলিতে এআরও কমান্ডার কেফায়েত উল্লাহ হালিম (৪৫) নিহত হন বলে অভিযোগ রয়েছে। ওই হামলায় আরও দুই রোহিঙ্গা আহত হন। রোহিঙ্গা নেতাদের বরাতে পুলিশ জানায়, সাম্প্রতিক সহিংসতার ধারাবাহিকতায় মঙ্গলবার বিকেলে ক্যাম্প-৮ পশ্চিমে ১০ থেকে ১২ জন সশস্ত্র ব্যক্তি আবারও গোলাগুলিতে জড়িয়ে পড়ে। এ সময় হাসমত উল্লাহ গুলিবিদ্ধ হন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৫.২০২৬ রনি)

## শামীম ওসমানসহ ১২ আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন

জুলাই গণ-অভ্যুত্থানের সময় নারায়ণগঞ্জে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের একটি মামলায় নারায়ণগঞ্জ-4 আসনের সাবেক সংসদ সদস্য শামীম ওসমান, তার ছেলে অয়ন ওসমানসহ ১২ আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন করা হয়েছে। আগামী ১০ জুন এই মামলায় সূচনা বক্তব্য ও সাক্ষ্যগ্রহণের দিন ধার্য করা হয়েছে। বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে গঠিত তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ আজ বুধবার এই আদেশ দেন। এই ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন- বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী। এই মামলার ১২ আসামির মধ্যে শামীম ওসমানের পরিবারের সদস্য ও স্বজনদের মধ্যে রয়েছেন অয়ন ওসমান, আজমেরী ওসমান, মো. মিনহাজ উদ্দিন আহম্মদ ও তানভির আহম্মেদ। এই মামলার সব আসামি পলাতক।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৫.২০২৬ রনি)

## জুলাই গণ-অভ্যুত্থানের সময়ের ঘটনার অন্তত ১৪টি ভুয়া মামলা

গুলিবিদ্ধ হওয়ার মিথ্যা দাবি, জীবিত মানুষকেও মৃত দেখানোসহ জুলাই গণ-অভ্যুত্থানের সময়ের ঘটনা হিসেবে দায়ের করা অন্তত ১৪টি ভুয়া মামলার সন্ধান পেয়েছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারের এক বিশেষ প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য। পিবিআই-এর এক তদন্তে দেখা গেছে, দশম শ্রেণির এক শিক্ষার্থীকে গুলি করা হয়েছে- এমন অভিযোগে সিলেটের কোম্পানীগঞ্জে স্থানীয় রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে হত্যাচেষ্টার মামলা করেন ওই শিক্ষার্থীর মা। কিন্তু তদন্ত করে জানা যায়, অন্য এক জায়গায় সড়ক দুর্ঘটনায় আহত হয়েছিল ওই শিক্ষার্থী। আরেকটি মামলায় এক জীবিত ব্যক্তিকে মৃত দেখানো হয়। মামলায় দাবি করা হয়, অভ্যুত্থানের সময় রাজধানীর উত্তরা এলাকায় ২০ বছর বয়সি এক তরুণ নিহত হয়েছেন। কিন্তু পিবিআইয়ের তদন্তে দেখা যায়, তিনি বেঁচে আছেন। এই দুটি বিচ্ছিন্ন ঘটনা নয়। জুলাই গণ-অভ্যুত্থানের পর সারা দেশের আদালতে হওয়া ১৯৫টি সিআর (কমপ্লেইন্ট রেজিস্টার) মামলার তদন্ত করতে গিয়ে অন্তত ১৪টি ভুয়া মামলার প্রমাণ পেয়েছে পিবিআই। পিবিআই সদর দপ্তরের তথ্য অনুযায়ী, ভুয়া মামলা করার পেছনে পূর্বশত্রুতা থেকে শুরু করে পারিবারিক বিরোধের মতো উদ্দেশ্য ছিল। ১৪টি ভুয়া মামলার মধ্যে ১০টি হত্যাচেষ্টা, তিনটি হামলা ও শারীরিক নির্যাতন এবং একটি হত্যার অভিযোগে করা হয়। এ ছাড়া আরো ১০টি মামলার তদন্ত করতে গিয়ে পিবিআই অভিযোগের স্বপক্ষে কোনো প্রমাণ পায়নি। পিবিআইয়ের পুলিশ সুপার (লিগ্যাল অ্যান্ড মিডিয়া) মো. আবু ইউসুফ দ্য ডেইলি স্টারকে বলেন, "আমরা বারবার অভিযোগগুলো যাচাই করে দেখেছি, কিন্তু কোনো প্রমাণ পাইনি। এসব মামলায় চূড়ান্ত প্রতিবেদনে আসামিদের অব্যাহতি দিতে আদালতে আবেদন করা হয়েছে।" ১৯৫টি সিআর মামলার মধ্যে এখন পর্যন্ত ১১৩টির তদন্ত শেষ করেছে পিবিআই। এর মধ্যে ৮৯টি মামলার সত্যতা মিলেছে। সেগুলোর ৯টি হত্যা এবং বাকিগুলো হত্যাচেষ্টার মতো অপরাধ। তথ্য বিশ্লেষণে দেখা গেছে, এই ৮৯টি মামলায় মোট ৬ হাজার ৮৪৪ জনকে আসামি করা হয়েছিল। কিন্তু তদন্ত শেষে মাত্র ১ হাজার ৩৪৩ জনের বিরুদ্ধে প্রমাণ পাওয়া গেছে। পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (ক্রাইম) খন্দকার রফিকুল ইসলাম বলেন, ভুয়া মামলার আসামিরা প্রায়ই হয়রানির মুখে পড়েন এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। তিনি বলেন, "তাদের ক্ষতিপূরণ হয়ত আমরা দিতে পারব না। তবে দণ্ডবিধির ২১১ ধারার অধীনে আমরা ভুয়া মামলা দায়েরকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার জন্য আদালতে আবেদন করতে পারি। জুলাই অভ্যুত্থানসংক্রান্ত মামলাগুলোতে পুলিশ এমন পদক্ষেপ নিচ্ছে।" মিথ্যা অভিযোগ দায়েরের শাস্তির বিষয়ে দণ্ডবিধির ২১১ ধারায় বলা হয়েছে, কেউ মিথ্যা ফৌজদারি মামলা করলে, তার দুই বছর পর্যন্ত কারাদণ্ড, অর্থদণ্ড বা উভয় দণ্ড হতে পারে। আর মিথ্যা অভিযোগটি যদি গুরুতর অপরাধের হয়, তবে সাত বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। পুলিশ সদর দপ্তরের তথ্যমতে, জুলাই গণ-অভ্যুত্থানের সময়ের ঘটনায় চলতি বছরের ৪ এপ্রিল পর্যন্ত সারা দেশে ১ হাজার ৮৫৫টি মামলা হয়েছে। এসব মামলায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, আওয়ামী লীগের নেতা-কর্মীসহ হাজার হাজার মানুষকে আসামি করা হয়েছে। মামলাগুলো পিবিআইসহ পুলিশের বিভিন্ন ইউনিট তদন্ত করছে।

**বাইক দুর্ঘটনা, অথচ গুলির দাবি**

শিহাবের মা ফাতেমা আক্তার পারুল গত বছরের ২১ নভেম্বর একটি হত্যাচেষ্টা মামলা করেন। মামলায় স্থানীয় রাজনৈতিক নেতাসহ ১৭ জনের নাম উল্লেখ করা হয় এবং ১৫ থেকে ২০ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়। মামলার এজাহারে তিনি দাবি করেন, ২০২৪ সালের ৪ আগস্ট কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ কার্যালয়ের গেটের সামনে আসামিরা গুলি ও ককটেল ছুড়লে তার ছেলে শিহাব গুরুতর আহত হয়। কিন্তু পিবিআইয়ের তদন্তের চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী, ওইদিন শিহাবের মোটরসাইকেলের সঙ্গে একটি ব্যাটারিচালিত অটোরিকশার সংঘর্ষ হয়েছিল। আর সেই ঘটনাটি ঘটেছিল অন্য একটি জায়গায় এবং ভিন্ন সময়ে। প্রত্যক্ষদর্শীদের বক্তব্য এবং কল ডিটেইল রেকর্ড (সিডিআর) বিশ্লেষণ করে পিবিআই এই তথ্য নিশ্চিত করেছে। এছাড়া, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল এবং বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) হাসপাতাল থেকে পাওয়া চিকিৎসা নথিতেও শিহাবের গায়ে কোনো আগ্নেয়াস্ত্রের আঘাতের প্রমাণ মেলেনি। তবে তদন্তকারীরা নিশ্চিত করেছেন যে, শিহাব গণ-অভ্যুত্থানে সক্রিয়ভাবে অংশ নিয়েছিলেন। পিবিআই-এর প্রতিবেদনে বলা হয়, ২০২৪ সালের ৪ ও ৫ আগস্ট আওয়ামী লীগ সমর্থক এবং বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের নেতা-কর্মীদের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটেছিল। পরে জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা ইউসুফ আহমদ জনি ৩৩ জনের বিরুদ্ধে একটি মামলা করেন, যার মধ্যে ইয়াকুব আলী নামের এক আওয়ামী লীগ নেতার নামও ছিল। এই ইয়াকুব আলী হলেন শিহাবের মা পারুলের চাচা শ্বশুর। প্রতিবেদনে বলা হয়, ওই মামলার পাল্টা জবাব হিসেবেই পারুল ছাত্রদল নেতা ও অন্যদের বিরুদ্ধে এই মিথ্যা মামলাটি করেছিলেন। মামলার এজাহারে দেওয়া ফোন নম্বরে যোগাযোগ করা হলে পারুলের স্বামী শরীফ উদ্দিন দাবি করেন, তার ছেলে সরকারি গেজেটভুক্ত একজন 'জুলাই যোদ্ধা' এবং সে ওই অভ্যুত্থানে গুলিবিদ্ধ হয়েছিল। ছেলের আঘাত মোটরসাইকেল দুর্ঘটনার কারণে হয়েছিল- পিবিআইয়ের এমন দাবি তিনি সরাসরি প্রত্যাখ্যান করেন। তিনি বলেন, "আমরা এই তদন্ত প্রতিবেদনকে চ্যালেঞ্জ করবো।"

### জীবিতকে মৃত দেখিয়ে মামলা

রাজধানীর উত্তরায় ২০ বছর বয়সি এক যুবকের হত্যা মামলার তদন্ত করতে গিয়ে পিবিআই দেখে, ওই যুবক বেঁচে আছেন। ওই যুবকের মা পারুল খাতুন (৪৫) গত বছরের ২৫ নভেম্বর ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলা করেন। মামলায় শতাধিক স্থানীয় আওয়ামী লীগ নেতা-কর্মীসহ ২৫৭ জনকে আসামি করা হয়। মামলায় তিনি অভিযোগ করেন, ২০২৪ সালের ১৮ জুলাই উত্তরায় আজমপুরে ছাত্রদের মিছিলে তার ছেলে মো. কাওসার মিয়া গুলিবিদ্ধ হয়ে নিহত হন এবং তার লাশ কখনোই পাওয়া যায়নি। কিন্তু তদন্ত কর্মকর্তা অনুসন্ধান করে জানতে পারেন যে, কাওসার বেঁচে আছেন। এমনকি চলতি বছরের ২ জুন ডাকাতির প্রস্তুতির একটি মামলায় তাকে গ্রেফতারও করা হয়েছিল।

### 'আইনব্যবস্থার অপব্যবহার'

মানবাধিকারকর্মী নূর খান লিটন বলেন, এ ধরনের মিথ্যা মামলা দায়েরের ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। তিনি বলেন, ৫ আগস্টের পর একটি স্বার্থান্বেষী গোষ্ঠী ব্যক্তিগত আক্রোশ মেটানোর হাতিয়ার হিসেবে এই মামলাগুলোকে ব্যবহার করছে। গুমবিষয়ক তদন্ত কমিশনের সাবেক এই সদস্য বলেন, "এসব মামলার এজাহারে যাদের কোনোভাবেই যুক্ত থাকার কথা নয়, এমন পেশাজীবী ও রাজনৈতিক কর্মীদের টার্গেট করা হয়েছে। এটি আইনি ব্যবস্থার চরম অপব্যবহার। যারা এ ধরনের ভুয়া মামলা করেছেন, তাদের বিরুদ্ধে অবশ্যই আইনি ব্যবস্থা নেওয়া উচিত।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

### সব প্রকৌশল বিভাগের রেট শিডিউল এক থাকবে : প্রধানমন্ত্রী

সব প্রকৌশল ডিপার্টমেন্টের রেট শিডিউল এক থাকবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (১৩ মে) সচিবালয়ের মন্ত্রিসভা কক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ৩৬ হাজার ৬৯৫ কোটি টাকা ব্যয়ে ৯ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। প্রকল্প অনুমোদনের সময় তিনি এই নির্দেশনা দেন। গণপূর্ত অধিদপ্তর, ওয়াসা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর পৃথক পৃথক রেট শিডিউলে প্রকল্প বাস্তবায়ন করে। সবার রেট শিডিউল এক করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন প্রধানমন্ত্রী। সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি ব্যয় সাশ্রয়ী হতে বলেছেন প্রধানমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

### ২৭তম বিসিএসের বঞ্চিত আরও ৯৬ জনকে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি

বঞ্চিত ২৭তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ আরও ৯৬ জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে নিয়োগ দিয়েছে সরকার। বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশে এসব প্রার্থীকে নিয়োগ দিয়ে বুধবার (১৩ মে) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। আইনি লড়াইয়ে জিতে দুই দশক পর গত বছরের ১৮ ডিসেম্বর ২৭তম বিসিএসের ৬৭৩ জন চাকরিপ্রার্থীকে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। নিয়োগ প্রাপ্তদের আগামী ১৮ মে'র মধ্যে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত কার্যালয়ে যোগদানের জন্য অনুরোধ করা হয়েছে। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ থেকে পরবর্তী কোনো নির্দেশনা না পেলে ওই তারিখেই তিনি

যোগদান করবেন। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং নিয়োগপত্র বাতিল হয়ে যাবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। এতে আরও বলা হয়, এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্তদের জ্যেষ্ঠতা অক্ষুণ্ণ রাখার স্বার্থে তাদের ব্যাচের নিয়োগপ্রাপ্তদের প্রথম যে তারিখে নিয়োগ প্রজ্ঞাপন জারি করা হয়েছিল, সেই তারিখ থেকে ভূতাপেক্ষিকভাবে নিয়োগ আদেশ কার্যকর হবে। ব্যাচের প্রথম নিয়োগ প্রজ্ঞাপনের যোগদানের তারিখ থেকে তাদের ধারণাগত জ্যেষ্ঠতা বজায় থাকবে। তবে, এর ফলে তারা কোনো বকেয়া আর্থিক সুবিধাদি পাবেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## মধ্যপ্রাচ্যে যুদ্ধ চললে আমিরাতে ২০ লাখ বাংলাদেশি ঝুঁকিতে পড়তে পারেন

মধ্যপ্রাচ্যে যুদ্ধ চলতে থাকলে উপসাগরীয় শ্রমবাজারে ব্যাপক অনিশ্চয়তা দেখা দেবে। শুধু সংযুক্ত আরব আমিরাতে বসবাসকারী ২০ লাখ বাংলাদেশির জীবন ও জীবিকা ঝুঁকির মুখে পড়তে পারে। বুধবার (১৩ মে) জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এ শঙ্কার কথা জানিয়েছে রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস্ রিসার্চ ইউনিট (রামরু)। 'ইরান ও উপসাগরীয় অঞ্চলের চলমান যুদ্ধ পরিস্থিতি : বাংলাদেশি অভিবাসী কর্মীদের ওপর প্রভাব ও করণীয়' নিয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়, যুদ্ধ চলতে থাকলে উপসাগরীয় শ্রমবাজারে ব্যাপক অনিশ্চয়তা দেখা দেবে। এই সংঘাত উপসাগরীয় অঞ্চল জুড়ে ব্যবসায় ব্যাপক বিঘ্ন ঘটিয়েছে। সৌদি আরবের ভিশন ২০৩০ মেগা প্রকল্পগুলো, যার মধ্যে রয়েছে- নিওম (৫০০ বিলিয়ন ডলার), রেড সি ট্যুরিজম ডেভেলপমেন্ট এবং কিদ্দিয়া এন্টারটেইনমেন্ট সিটি, বাংলাদেশের নির্মাণ ও পরিষেবা খাতের কর্মীদের জন্য বৃহৎ পরিসরে দীর্ঘমেয়াদি কর্মসংস্থান সৃষ্টি করবে বলে আশা করা হয়েছিল। রামরু বলছে, বিনিয়োগকারীদের আস্থার পতন, ব্যয়বৃদ্ধি বা সরাসরি অবকাঠামোগত ক্ষতির কারণে এসব প্রকল্প ব্যাহত হলে প্রত্যাশিত কর্মসংস্থানের সুযোগ বিলুপ্ত হয়ে যাবে। সংগঠনটি আরও জানায়, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের পক্ষ নিয়ে সংযুক্ত আরব আমিরাতও এই যুদ্ধে গভীরভাবে জড়িয়ে পড়ায় ইরানের প্রতিশোধমূলক হামলার শিকার হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে। এর ফলে, সংযুক্ত আরব আমিরাতে বসবাসকারী ২০ লাখ বাংলাদেশির জীবন ও জীবিকা ঝুঁকির মুখে পড়তে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে এডিপিতে থোক বরাদ্দে রেকর্ড

সামাজিক নিরাপত্তা খাতে বিপুল পরিমাণ অর্থ ব্যয়ের পরিকল্পনা নিয়েছে সরকার। এ পরিকল্পনার অধিকাংশই বিএনপির নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের অংশ। বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) এবার এক লাখ কোটি টাকার বেশি থোক বরাদ্দ রাখতে যাচ্ছে সরকার, যা ইতিহাসের সর্বোচ্চ। পরিকল্পনা মন্ত্রণালয় সূত্র জানায়, প্রস্তাবিত তিন লাখ কোটি টাকার এডিপির মধ্যে প্রায় ১ লাখ ১৮ হাজার ২৮৮ বা মোট বরাদ্দের ৩৯ শতাংশ রাখা হচ্ছে 'থোক' ও 'বিশেষ বরাদ্দ' হিসেবে। এর মধ্যে নতুন প্রকল্প অনুমোদনের সুবিধার্থে ১ লাখ ৭ হাজার ২০১ কোটি টাকা থোক বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া, স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর বিশেষ প্রয়োজন মেটাতে সংরক্ষিত রাখা হয়েছে আরও ৯ হাজার ৭৯৮ কোটি টাকা। অনুমোদিত প্রকল্পগুলোর জন্য বরাদ্দ রাখা হচ্ছে ১ লাখ ৮৩ হাজার কোটি টাকা, যা মোট এডিপির ৬১ শতাংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## এপ্রিলে সড়কে ঝরেছে ৫১০ প্রাণ : যাত্রী কল্যাণ সমিতি

এপ্রিলে সারা দেশে সড়ক দুর্ঘটনায় ৫১০ জন নিহত ও ১২৬৮ জন আহত হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। বুধবার (১৩ মে) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় সংগঠনটি। এই বিজ্ঞপ্তিতে বলা হয়, এপ্রিলে দেশের গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, ৫২৭টি সড়ক দুর্ঘটনায় ৫১০ জন নিহত ও ১২৬৮ জন আহত হয়েছে। এই মাসে রেলপথে ৫৪টি দুর্ঘটনায় ৪৯ জন নিহত ও ১১ জন আহত হয়েছে। তথ্যমতে, নৌ পথে ৫টি দুর্ঘটনায় নিহত হয়েছে ৪। সড়ক, রেল ও নৌ-পথে সর্বমোট ৫৮৬টি দুর্ঘটনায় ৫৬৩ জন নিহত এবং ১২৭৯ জন আহত হয়েছে। এ সময়ে ১৩৯টি মোটরসাইকেল দুর্ঘটনায় ১৪২ জন নিহত, ১২৪ জন আহত হয়েছে, যা মোট দুর্ঘটনার ২৬.৩৭ শতাংশ, নিহতের ২৭.৮৪ শতাংশ ও আহতের ৯.৭৭ শতাংশ। এই মাসে সবচেয়ে বেশি সড়ক দুর্ঘটনা হয়েছে চট্টগ্রাম বিভাগে। এখানে ১৩৫টি সড়ক দুর্ঘটনায় ১৩৭ জন নিহত ও ২৬৩ জন আহত হয়েছে। সবচেয়ে কম সড়ক দুর্ঘটনা হয়েছে ময়মনসিংহ বিভাগে ১৭টি। দুর্ঘটনায় ১৮ জন নিহত ও ৬৪ জন আহত হয়েছে। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির দুর্ঘটনা মনিটরিং সেল গণমাধ্যম পর্যবেক্ষণে এই তথ্য পাওয়া গেছে। প্রকৃত হতাহতের ঘটনা আরও বাড়তে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন আর নেই

বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, সাবেক মন্ত্রী, চট্টগ্রাম-১ আসনের সাবেক সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮৩ বছর। বুধবার (১৩ মে) সকাল ১০টা ১৫ মিনিটের দিকে রাজধানীর স্কয়ার হাসপাতালে আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। তার মেজ ছেলে সাবেক সংসদ সদস্য মাহবুব উর রহমান রুহেল

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। পারিবারিক সূত্রে জানা গেছে, বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন তিনি। প্রায় একমাস ধরে রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## হামের টিকা না পাওয়া শিশুদের খুঁজে বের করে টিকা দেবো : স্বাস্থ্যমন্ত্রী

হাম মোকাবিলায় সরকারের মনোযোগ এখন টিকা ও চিকিৎসা কার্যক্রমের দিকে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল। তিনি বলেন, আমরা হামের টিকা দিচ্ছি। টিকার ওপরে কোনো চিকিৎসা নেই। টিকা নেয়নি, এমন শিশুদের আমরা খুঁজে বের করে টিকা দেবো। বুধবার (১৩ মে) সকালে সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সভায় এ কথা বলেন তিনি। তিনি জানান, বিশ্ব স্বাস্থ্য সংস্থাও স্বীকার করেছে, আমাদের টার্গেট পরিপূর্ণ হয়েছে। আমাদের টিকা কার্যক্রম এখনও চলমান রয়েছে। হামের টিকার সংকটের তদন্ত করা হবে কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "তদন্ত করবো না, এমন কোনো কথা আমি বলিনি। এখন একটা সংকট চলছে। সংকট শেষ হওয়ার পর সরকারের কেন্দ্রীয় সিদ্ধান্ত হবে। আমরা সেদিকে নজর দেবো। এখন যদি আমরা বিচার করার মনোযোগ দেই, তাহলে সংকট আরও বেড়ে যেতে পারে। আমাদের মনোযোগ এখন টিকা ও চিকিৎসা কার্যক্রমের দিকে।" (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশকে পৌনে ৪ লাখ পোলিও টিকা দিল চীনের সিনোভ্যাক

বাংলাদেশকে অনুদান হিসেবে ৩ লাখ ৮৩ হাজার ডোজ পোলিও টিকা দিয়েছে চীনের শীর্ষস্থানীয় টিকা উৎপাদনকারী প্রতিষ্ঠান সিনোভ্যাক বায়োটেক লিমিটেডের অঙ্গপ্রতিষ্ঠান সিনোভ্যাক ফাউন্ডেশন। বাংলাদেশ সরকারের জাতীয় টিকাদান কর্মসূচির (ইপিআই) চলমান কার্যক্রমকে আরও বেশি গতিশীল ও কার্যকর করতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে এসব টিকা দিয়েছে প্রতিষ্ঠানটি। বুধবার (১৩ মে) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেনের হাতে চীনা দূতাবাসের কালচারাল কাউন্সেলর লি সাওপোং ও সিনোভ্যাক বায়োটেক লিমিটেডের চিফ বিজনেস ডিরেক্টর লি নিং এ সংক্রান্ত কাগজপত্র হস্তান্তর করেন। সিনোভ্যাকের অনুদানের ৭৬ হাজার ৬১৬ ভায়াল (৩ লাখ ৮৩ হাজার ৮০ ডোজ) পোলিও টিকার চালান এরই মধ্যে ইপিআই সংরক্ষণাগারে পৌঁছে দেওয়া হয়েছে। যেখান থেকে পরে চাহিদা অনুযায়ী দেশের বিভিন্ন স্থানে অবস্থিত টিকাদান কেন্দ্রের মাধ্যমে শিশুদের প্রদান করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## মহাখালীতে অবৈধ পার্কিংয়ের বিরুদ্ধে ডিএমপির কঠোর অভিযান

রাজধানীর সড়কে শৃঙ্খলা ফেরাতে অবৈধ পার্কিংয়ের বিরুদ্ধে কঠোর অভিযানে নেমেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। বুধবার (১৩ মে) বেলা ১১টা থেকে রাজধানীর মহাখালী বাস টার্মিনালসহ আশপাশের এলাকার সড়কে অবৈধ পার্কিংয়ের বিরুদ্ধে এই অভিযান শুরু করে ডিএমপি। ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) আনিসুর রহমান এবং গুলশান ট্রাফিকের ডিসি মোহাম্মদ মাসুদ রানার নেতৃত্বে এই অভিযান শুরু জয়। অভিযানে সড়কে অবৈধ পার্কিং করা অন্তত শতাধিক যানবাহনকে মামলার আওতায় আনা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-ইতালি কোস্টগার্ডের সঙ্গে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদারে আগ্রহ

ইতালিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রকিবুল হক সম্প্রতি ইতালিয়ান কোস্টগার্ড সদর দপ্তর পরিদর্শন করেছেন। এসময় ইতালিয়ান কোস্টগার্ডের কমান্ড্যান্ট ভাইস অ্যাডমিরাল সার্জিও লিয়ার্ডোর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন তিনি। রোমের বাংলাদেশ দূতাবাস জানায়, বৈঠকে দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। ইতালিয়ান কোস্টগার্ড ভূ-মধ্যসাগরে অভিবাসীদের অনুসন্ধান ও উদ্ধার (এসআরএ) কার্যক্রম সম্পর্কে একটি বিস্তারিত তথ্যচিত্র উপস্থাপন করে। ইতালিয়ান কোস্টগার্ড কমান্ড্যান্ট বাংলাদেশ দূতাবাস রোম এবং বাংলাদেশ কোস্টগার্ডের সঙ্গে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদারের আগ্রহ প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## হল সংলগ্ন রাস্তা থেকে টেনে-হিঁচড়ে নিয়ে জাবি ছাত্রীকে ধর্ষণ চেষ্টা

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) আবাসিক হলে যাওয়ার সময় এক ছাত্রীকে রাস্তা থেকে টেনে-হিঁচড়ে নিয়ে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে। মঙ্গলবার (১২ মে) রাত ১১টার দিকে পুরাতন ফজিলতুন্নেছা হল সংলগ্ন এলাকায় পাশ দিয়ে যাওয়ার সময় এ ঘটনা ঘটে। পরে ভুক্তভোগী শিক্ষার্থীকে উদ্ধার করে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। ভুক্তভোগী বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ৫১তম ব্যাচের শিক্ষার্থী। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অভিযুক্ত ওই যুবক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নন। এ ঘটনায় একটি সিসিটিভি ফুটেজে এক ব্যক্তিকে ঘটনাস্থলের আশপাশে দেখা গেলেও, এখনও তার পরিচয় শনাক্ত করা যায়নি বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## সাবেক স্বরাষ্ট্র সচিব জাহাঙ্গীর আলমকে গ্রেফতার দেখানোর আবেদন

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় রাজধানীর কোতোয়ালি থানাধীন তাঁতী বাজার এলাকায় রিকশাচালক রিপন হত্যা মামলায় সাবেক স্বরাষ্ট্র সচিব মো. জাহাঙ্গীর আলমকে গ্রেফতার দেখানোর (শ্যোন অ্যারেস্ট) আবেদন করেছে পুলিশ। বুধবার (১৩ মে) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতে এ আবেদন দাখিল করা হয়। দুপুরে

ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদ্দোহা সুমন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। মামলার তদন্তকারী কর্মকর্তা লালবাগ জোনাল টিমের পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) মোহসিন উদ্দিন আদালতে দাখিল করা প্রতিবেদনে উল্লেখ করেন, ২০২৪ সালের ৫ মে কোতোয়ালি থানাধীন তাঁতী বাজার মোড়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মসূচি চলাকালে আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ ও পুলিশের কিছু সদস্য হামলা চালায়। এসময় রিকশা শ্রমিক রিপন গুলিবিদ্ধ হন। পরে চিকিৎসাধীন অবস্থায় একই বছরের ৭ আগস্ট তার মৃত্যু হয়। তদন্ত প্রতিবেদনে বলা হয়, তৎকালীন সরকারের গুরুত্বপূর্ণ পদে থাকা মো. জাহাঙ্গীর আলম সাবেক প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যোগসাজশে আন্দোলন দমন ও আন্দোলনকারীদের ওপর সহিংসতা চালানোর পরিকল্পনায় জড়িত ছিলেন। তার বিরুদ্ধে হত্যা মামলায় ইন্ধন ও পরিকল্পনার প্রাথমিক প্রমাণ পাওয়া গেছে বলেও প্রতিবেদনে দাবি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## চোরাই মসলায় সয়লাব বাজার, দাম নাগালে

কোরবানির ঈদ সামনে রেখে চোরাই পথে আসা মসলায় সয়লাব চট্টগ্রামের খাতুনগঞ্জ বাজার। ভোগপণ্যে দেশের দ্বিতীয় বৃহৎ এ পাইকারি বাজারের ব্যবসায়ীদের অভিযোগ, সীমান্ত দিয়ে অবাধে মসলা ঢুকছে বাংলাদেশে। এতে ক্ষতির মুখে পড়ছেন বৈধ পথে আমদানিকারক ব্যবসায়ীরা, সরকার হারাচ্ছে রাজস্ব। খাতুনগঞ্জের পাইকারি ব্যবসায়ীরা বলছেন, চোরাই পথে আসা মসলা কম দামে বিক্রির সুযোগ তৈরি হওয়ায়, আমদানি করা মসলা বাজার হারাচ্ছে। তবে ভোক্তাদের সংগঠন কনজ্যুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) বলছে, চাহিদার চেয়ে জোগান বেশি থাকায় বাজারে মসলার দাম কমছে। চোরাই পথে মসলা আগেও বাংলাদেশের বাজারে আসতো।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## চরাঞ্চলের ত্রাস 'ভূমিদস্যু বাহিনী', নেতৃত্বে বিএনপির দুই নেতা

পদ্মার বুকে জেগে ওঠা বিস্তীর্ণ চর। চারদিকে নদীর গর্জন, ভাঙনের ভয় আর দারিদ্র্যের সঙ্গে প্রতিনিয়ত যুদ্ধ করে টিকে থাকা মানুষের জীবন। সেই সংগ্রামের মাঝেই মানিকগঞ্জের হরিরামপুর উপজেলার দুর্গম আজিমনগর ইউনিয়নে এখন নতুন আতঙ্ক 'ভূমিদস্যু বাহিনী'। চরবাসীর অভিযোগ, উপজেলা বিএনপির সভাপতি হান্নান মৃধা এবং আজিমনগর ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি ও সাবেক মেম্বার শামসুদ্দিনের নেতৃত্বে জমি দখল আর চাঁদাবাজিতে লিপ্ত এই বাহিনী। সরেজমিন গিয়ে চরবাসীর সঙ্গে কথা বলে জানা যায়, রাজনৈতিক প্রভাব খাটিয়ে 'ভূমিদস্যু বাহিনী' অসহায় মানুষের ফসলি জমি দখল করে নিচ্ছে। কেউ প্রতিবাদ করলে হুমকি, চাঁদা দাবি, এমনকি হামলারও শিকার হতে হচ্ছে। এরই মধ্যে বহু পরিবার জমিজমা হারিয়ে নিঃস্ব হয়ে পড়েছে। স্থানীয়ভাবে প্রতিকার না পেয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বরাবর অভিযোগ দিয়েছেন ভুক্তভোগীরা। অভিযোগে বলা হয়েছে, রাজনৈতিক পটপরিবর্তনের পর জমি দখল আর চাঁদাবাজির ঘটনা আরও বেড়ে গেছে। দুর্গম চরাঞ্চল হওয়ায়, সেখানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপস্থিতি কম। আর সেই সুযোগেই প্রভাবশালী গোষ্ঠী এলাকায় দখল ও ভয়ভীতির রাজত্ব গড়ে তুলেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## ডিসেম্বরে পরীক্ষায় বসতে নারাজ শিক্ষার্থীরা, জানুয়ারি-এপ্রিলের প্রস্তাব

২০২৭ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা চলতি বছরের ডিসেম্বরে নেওয়ার পরিকল্পনা করেছে সরকার। এ নিয়ে আলোচনা করতে বিশেষজ্ঞ ও অংশীজনদের সঙ্গে বুধবার (১৩ মে) শিক্ষা মন্ত্রণালয়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা ডিসেম্বরে না নেওয়ার পক্ষে মত দিয়েছে সব অংশীজন। বিশেষ করে, ডিসেম্বরে এসএসসি পরীক্ষার তীব্র বিরোধিতা করেন পরীক্ষার্থীরা। শিক্ষক-অভিভাবকরাও একই মতামত দিয়েছেন। শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও বিশেষজ্ঞরা ২০২৭ সালের এসএসসি পরীক্ষা জানুয়ারিতে ও এইচএসসি পরীক্ষা এপ্রিলে নেওয়ার পক্ষে মত দিয়েছেন। ধীরে ধীরে এ দুটি পাবলিক পরীক্ষা ডিসেম্বরে আনা যেতে পারে বলে মত দেন তারা। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, সভায় দেশের বিভিন্ন জেলার অভিভাবক ও শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানরা ভার্চুয়ালি যুক্ত হয়ে তাদের মতামত তুলে ধরেন। অধিকাংশ অভিভাবক ও শিক্ষক মনে করেন, হুট করে পরীক্ষার সময় চার মাস এগিয়ে আনা হলে, শিক্ষার্থীদের ওপর তীব্র মানসিক চাপ তৈরি হবে। তারা প্রস্তাব করেন যে, এক বছরেই চার মাস না কমিয়ে বরং প্রতি বছর পর্যায়ক্রমে এক মাস করে সময় এগিয়ে আনলে শিক্ষার্থীরা পরিস্থিতির সঙ্গে সহজে মানিয়ে নিতে পারবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## গঠিত হচ্ছে কুমিল্লা ওয়াসা

কুমিল্লা নগরীর আধুনিক ও টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করতে কুমিল্লা ওয়াসা গঠনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার। বুধবার (১৩ মে) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষে বিভিন্ন মন্ত্রণালয়ের অংশগ্রহণে এ বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সভায় কুমিল্লা নগরীর ক্রমবর্ধমান জনসংখ্যা ও নগরায়ণের প্রেক্ষাপটে সুপেয় পানি সরবরাহ, আধুনিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং দীর্ঘমেয়াদি নগর ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়। এ সময় মন্ত্রী বলেন, কুমিল্লা শহরের নাগরিকদের জন্য একটি কার্যকর ও আধুনিক পানি ব্যবস্থাপনা ব্যবস্থা গড়ে তুলতে ওয়াসা গঠন

সময়োপযোগী উদ্যোগ। তিনি সংশ্লিষ্ট সকল দপ্তর ও সংস্থাকে সমন্বয়ের মাধ্যমে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম এগিয়ে নেওয়ার নির্দেশনা দেন। একইসঙ্গে নগরবাসীর নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করতে পরিকল্পিত ও টেকসই উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

**গাইবান্ধায় জলাতঙ্কে ৫ জনের মৃত্যু**

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার কঞ্চিবাড়ী ও ছাপরহাটী ইউনিয়নে গত এক সপ্তাহে জলাতঙ্কে আক্রান্ত হয়ে পাঁচজনের মৃত্যু হয়েছে। এছাড়া নারী ও শিশুসহ আরও ১২ জন বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন। বুধবার (১৩ মে) দুপুরে কঞ্চিবাড়ী ও ছাপরহাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা এ তথ্য নিশ্চিত করেছেন। জলাতঙ্কে মৃতরা হলেন- কঞ্চিবাড়ী গ্রামের মোছা. সুলতানা বেগম (৫০), বজরা কঞ্চিবাড়ী গ্রামের নন্দ রানী (৫৫), কঞ্চিবাড়ী গ্রামের ফুলু মিয়া (৫৫), আফরোজা বেগম (৫০) এবং পাশের ছাপরহাটী ইউনিয়নের পূর্ব ছাপরহাটী এলাকার রতনেশ্বর কুমার (৫৩)। স্থানীয় সূত্রে জানা গেছে, গত ২২ এপ্রিল একটি বেওয়ারিশ পাগলা কুকুর কঞ্চিবাড়ী ও ছাপরহাটী ইউনিয়নে একাধিক ব্যক্তিকে আক্রমণ করে। আহতরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভ্যাকসিন না পেয়ে বাইরে থেকে চড়া দামে সংগ্রহ করেন। তবে সঠিক সময়ে (২৪ ঘণ্টার মধ্যে) ভ্যাকসিন নিতে না পারায়, মৃত্যুর ঘটনাগুলো ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। এদিকে, স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে এলাকায় বেওয়ারিশ কুকুরের সংখ্যা উদ্বেগজনকহারে বাড়লেও, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর কোনো ব্যবস্থা নেয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

**হামের পরিবর্তে এক মাসের শিশুকে দেওয়া হলো জলাতঙ্কের ভ্যাকসিন**

টাঙ্গাইলের ভূঞাপুরে এক মাস বয়সি শিশু ফাতিহাকে হামের পরিবর্তে দুই ডোজ জলাতঙ্কের ভ্যাকসিন দেওয়ার ঘটনা ঘটেছে। বুধবার (১৩ মে) দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য পরিদর্শক মোহাম্মদ কাইয়ুম এ ভ্যাকসিন প্রয়োগ করেন। শিশুটির পরিবার জানায়, একমাস বয়সি ফাতিহাকে হামের টিকা দিতে টাঙ্গাইলের ভূঞাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন শিশুটির মা মৌ। সেখানে ভ্যাকসিন দেওয়ার কথা স্বাস্থ্য পরিদর্শক নুরুল ইসলাম নুরুর। কিন্তু তিনি উপস্থিত না থাকায় পিআরএলে থাকা স্বাস্থ্য পরিদর্শক কাইয়ুমকে ডেকে আনেন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. লুৎফর রহমান আজাদ। এসময় স্বাস্থ্য পরিদর্শক কাইয়ুম শিশুটিকে দুই ডোজ জলাতঙ্কের ভ্যাকসিন প্রয়োগ করেন। পরে পরিবারের লোকজন এর প্রতিবাদ করলে, তাদের সঙ্গেও খারাপ ব্যবহার করেন কাইয়ুম। শিশুটি ক্রমেই নিস্তেজ হয়ে পড়ে। এদিকে, এ ঘটনায় স্বাস্থ্য কর্মকর্তার গাফলতিকে দায়ী করে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন শিশুটির পরিবারের সদস্যরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

**অবৈধভাবে মজুত ৬ লাখ কেজি সরকারি চাল জব্দ, আটক ১**

চট্টগ্রামের সীতাকুণ্ডে অভিযান চালিয়ে অবৈধভাবে মজুত করা প্রায় ছয় লাখ কেজি সরকারি চাল জব্দ করা হয়েছে। এ ঘটনায় আটক করা হয়েছে একজনকে। বুধবার (১৩ মে) বেলা সাড়ে ১১টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত কদম রসুলপুর এলাকার একটি প্রতিষ্ঠানে জেলা ম্যাজিস্ট্রেট ও খাদ্য অধিদপ্তরের সমন্বয়ে এ অভিযান পরিচালনা করা হয়। র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে, কদম রসুলপুরের কিছু অসাধু ব্যবসায়ী লাইসেন্স ছাড়াই বিপুল পরিমাণ সরকারি চাল অবৈধভাবে মজুত ও ভিন্ন মোড়কে বাজারজাত করছে। এর পরিপ্রেক্ষিতে অভিযান চালিয়ে বিশেষ ক্ষমতা আইনে একটি প্রতিষ্ঠান থেকে পাঁচ লাখ ৭৮ হাজার ৬০০ কেজি চাল জব্দ করা হয়। একইসঙ্গে আব্দুল আজিজ (২৮) নামের এক ব্যক্তিকে আটক করা হয়। তিনি জোরারগঞ্জ থানার বামুনসুন্দর দারোগাহাট এলাকার বাসিন্দা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

**রাস্তা খননে সব দপ্তরকে সমন্বয় করে কাজ করতে হবে**

রাস্তা খনন বা নির্মাণকাজে সংশ্লিষ্ট সব দপ্তরকে সমন্বয় করে কাজ করতে হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। তিনি বলেন, বৃষ্টির পানির সঠিক প্রবাহ বিবেচনা করে ড্রেন নির্মাণ করতে হবে, যাতে বর্ষাকালে পানি কোথাও জমে না থাকে। মন্ত্রণালয়ের গৃহীত প্রকল্পগুলো যেন মানুষের উপকারে আসে। এসময় প্রকল্পসংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব পালনে যত্নশীল হওয়ার পরামর্শ দেন প্রতিমন্ত্রী। বুধবার (১৩ মে) বাংলাদেশ সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন শামীমবাগ এবং নারায়ণগঞ্জ সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শামীমবাগ-কুতুবপুর সীমান্ত এলাকায় জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধানে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতির বক্তৃতায় প্রতিমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রীর পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পরিবেশবান্ধব নগরায়ণের দর্শন তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, তাড়াহুড়ো করে নয়, বরং সরেজমিনে পরিদর্শন করে প্রকল্পের অগ্রগতি নিশ্চিত করতে হবে। সরকার চায় প্রতিটি নাগরিক যেন আধুনিক নাগরিক সুবিধা ভোগ করতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

**প্রতারণা এড়াতে নির্ধারিত অ্যাপ থেকে ট্রেনের টিকিট কেনার পরামর্শ**

আসন্ন ঈদ উপলক্ষ্যে ট্রেনে যাত্রী হয়রানি ও টিকিট সংগ্রহ সংক্রান্ত প্রতারণা এড়াতে বাংলাদেশ রেলওয়ের নির্ধারিত অ্যাপ (রেল সেবা) ব্যবহার করে যাত্রীদের টিকিট কেনার পরামর্শ দিয়েছে রেল কর্তৃপক্ষ। বুধবার (১৩ মে) রেলপথ মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা (সিনিয়র তথ্য অফিসার) রেজাউল করিম সিদ্দিকীর পাঠানো এক বার্তায় এ কথা

জানানো হয়। বার্তায় বলা হয়, আজ ১৩ মে থেকে ঈদের অগ্রিম টিকিট বিক্রি শুরু হয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় অসাধু ব্যক্তি বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ট্রেনের টিকিট বিক্রির বিষয়ে নিশ্চয়তা দেয়। প্রকৃতপক্ষে তাদের ট্রেনের টিকিট সংগ্রহ করার কোনো সামর্থ্য নেই। তারা মূলত প্রতারক। তাদের ফাঁদে পা দিয়ে অনেক যাত্রী হয়রানি ও প্রতারণার শিকার হন। অনেক ক্ষেত্রেই তারা বিকাশ, নগদ বা মোবাইল ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে যাত্রীদের কাছ থেকে টাকা নিয়ে যোগাযোগ বিচ্ছিন্ন করেন, এমনকি আগের ব্যবহৃত সিমকার্ড বন্ধ করে দেন। এতে আরও বলা হয়, প্রকৃতপক্ষে বাংলাদেশ রেলওয়ের রেজিস্টার্ড একটি আইডি থেকে নির্ধারিত অ্যাপের মাধ্যমে একক যাত্রায় সর্বোচ্চ চারটি টিকিট কেনা যায়। এ ক্ষেত্রে আইডিধারী ব্যক্তির সহযাত্রীদের নামও সিস্টেমে ইনপুট দেওয়া বাধ্যতামূলক। বর্তমানে ঈদযাত্রা উপলক্ষ্যে ট্রেনের শতভাগ টিকিট অনলাইনে বিক্রি হচ্ছে। বাংলাদেশ রেলওয়ের নির্ধারিত অ্যাপ (রেল সেবা) ছাড়া অন্য কোথাও ট্রেনের টিকিট বিক্রি হচ্ছে না। কোনো যাত্রী বাংলাদেশ রেলওয়ের নির্ধারিত অ্যাপ (রেল সেবা) ছাড়া অন্য কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থান থেকে টিকিট ক্রয় করলে তিনি প্রতারিত হবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## বিগত সরকারের রেখে যাওয়া বিপুল ঋণ বর্তমান সরকারের জন্য বড় চ্যালেঞ্জ : তথ্যমন্ত্রী

বিগত সরকারের রেখে যাওয়া বিপুল ঋণ ও অর্থনৈতিক সংকট বর্তমান সরকারের জন্য বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি জানান, প্রায় ৩০ লাখ কোটি টাকার ঋণের বোঝা এবং বৈদেশিক ঋণ পরিশোধের চাপ মোকাবিলা করে অর্থনীতিকে পুনরুদ্ধার করতে সময় ও সামাজিক স্থিতিশীলতা প্রয়োজন। বুধবার (১৩ মে) রাজধানীর উত্তরা কমিউনিটি সেন্টারে স্থানীয় সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেনের সৌজন্যে আয়োজিত 'ইসলামিক প্রতিযোগিতা ২০২৬'-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, আগামী দুই বছর দেশের রাজনৈতিক ও সামাজিক শান্তি বজায় রাখা গেলে অর্থনৈতিক পুনরুদ্ধার সম্ভব হবে। তাই সব নাগরিককে বিভেদ ও অস্থিরতা সৃষ্টির অপচেষ্টা সম্পর্কে সতর্ক থাকতে হবে। জাতীয় সংসদে গঠনমূলক বিতর্ককে গণতন্ত্রের অংশ উল্লেখ করে মন্ত্রী বলেন, সংসদের বিতর্ক ও মতপার্থক্য যেন কোনোভাবেই রাজপথে সংঘাত বা বিশৃঙ্খলার কারণ না হয়, সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## থাইল্যান্ডের শিক্ষাব্যবস্থার পূর্ণাঙ্গ পর্যালোচনা করতে চায় বাংলাদেশ

বাংলাদেশ প্রাথমিকভাবে থাইল্যান্ডের শিক্ষাব্যবস্থার একটি পূর্ণাঙ্গ ও বাস্তবভিত্তিক পর্যালোচনা করতে আগ্রহী বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। বুধবার (১৩ মে) মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর অফিসকক্ষে বাংলাদেশে থাইল্যান্ডের রাষ্ট্রদূত থিতিপর্ন চিরাসাওয়াদির সঙ্গে সাক্ষাৎ শেষে বিষয়টি জানান তিনি। দ্বিপাক্ষিক বৈঠকে বাংলাদেশে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিক্ষক সংকট ও নেতৃত্বভিত্তিক প্রশিক্ষণ নিয়ে আলোচনা হয়। থাইল্যান্ডের রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, দেশের প্রায় ৬৫ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অনেক বিদ্যালয় ভালো ফলাফল করলেও, সামগ্রিকভাবে শিক্ষার্থীদের শেখার সক্ষমতা আরও উন্নত করা প্রয়োজন। বিশেষ করে শিক্ষক প্রশিক্ষণ ও দক্ষ নেতৃত্বের অভাব অনেক ক্ষেত্রে শিক্ষার মানোন্নয়নে চ্যালেঞ্জ সৃষ্টি করছে। এক্ষেত্রে থাইল্যান্ডের শিক্ষাব্যবস্থার কার্যকর দিকগুলো সম্পর্কে সরাসরি ধারণা লাভ সহায়ক হতে পারে বলে মনে করেন ববি হাজ্জাজ। প্রতিমন্ত্রী বলেন, এ লক্ষ্যে দুই দেশের শিক্ষা বিশেষজ্ঞদের মধ্যে অভিজ্ঞতা বিনিময়, শিক্ষা প্রশাসন পর্যবেক্ষণ ও নেতৃত্বভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম নিয়ে কাজ করার পরিকল্পনা রয়েছে। থাইল্যান্ডের রাষ্ট্রদূত প্রাথমিক শিক্ষার উন্নয়নে দেশটির পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার প্রতিশ্রুতি দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## অবৈধ সম্পদ; বেনজীরের বিরুদ্ধে প্রথম সাক্ষ্য দিলেন দুদকের হাফিজুল ইসলাম

অবৈধ সম্পদ অর্জন ও অর্থপাচারের মামলায় পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের বিরুদ্ধে আনুষ্ঠানিক সাক্ষ্যগ্রহণ শুরু হয়েছে। মামলায় প্রথম সাক্ষী হিসেবে আদালতে জবানবন্দি দিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) দুদকের উপ-পরিচালক হাফিজুল ইসলাম। বুধবার (১৩ মে) ঢাকার বিশেষ জজ আদালত-৫ এর বিচারক আব্দুল্লাহ আল মামুনের আদালতে সাক্ষ্যগ্রহণ অনুষ্ঠিত হয়। একইসঙ্গে মামলার পরবর্তী সাক্ষ্যগ্রহণের জন্য আগামী ২০ মে দিন ধার্য করা হয়েছে। এদিন মামলার বাদী ও দুদকের উপ-পরিচালক হাফিজুল ইসলাম আদালতে সাক্ষ্য দেন। আদালত সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী সোহানুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## বিচারপতি খায়রুল হকের জামিন স্থগিতের আবেদন

জুলাই গণ-অভ্যুত্থানের সময়ে সংঘটিত দুটি হত্যার ঘটনায় করা মামলায় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হকের জামিন স্থগিত চেয়ে আপিল আবেদন করা হয়েছে। বুধবার (১৩ মে) সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সংশ্লিষ্ট শাখায় রাষ্ট্রপক্ষ থেকে এই আবেদন করা হয়। এর আগে, গতকাল মঙ্গলবার দুই মামলায় বিচারপতি খায়রুল হককে জামিন দেন হাইকোর্ট। আদেশের পরে তার আইনজীবীরা জানিয়েছিলেন, সব মামলায় জামিন হওয়ায় আপাতত খায়রুল হকের কারামুক্তিতে আইনি বাধা নেই। তবে এরই মধ্যে রাষ্ট্রপক্ষ সেই আদেশ স্থগিত চেয়ে আবেদন করেছে।

জুলাই গণ-অভ্যুত্থানের সময় যুবদল কর্মী হত্যা, তত্ত্বাবধায়ক সরকারের রায় জালিয়াতি এবং দুদকের করা পাঁচ মামলায় ২৮ এপ্রিল বিচারপতি খায়রুল হকের জামিন বহাল রাখেন আপিল বিভাগ।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## ৪৮ লাখ টাকা দিয়েও বাঁচানো গেলো না তছিরকে, লিবিয়ায় নির্যাতনে মৃত্যু

ইচ্ছা ছিল ইতালি গিয়ে পরিবারে সচ্ছলতা ফেরাবেন, হাতে আসবে টাকা। কিন্তু সেই স্বপ্ন আর পূরণ হলো না। উল্টো মানবপাচারকারী দলালদের খপ্পরে পড়ে মাফিয়াদের নির্যাতনে প্রাণটাই গেল। ৪৮ লাখ টাকা দিয়েও তাকে বাঁচানো যায়নি। নিহত তছির ফকির (৪২) মাদারীপুরের রাজৈর উপজেলার ঘোষালকান্দি গ্রামের কালু ফকিরের ছেলে। তিনি মারা যাওয়ার সংবাদটি মঙ্গলবার (১২ মে) রাতে পরিবারের সদস্যরা জানতে পারেন। জমি বিক্রি ও ঋণ করে টাকা দেওয়ায় সর্বস্ব হারিয়ে এখন দিশাহারা পরিবারটি। এখন একটাই চাওয়া- মরদেহটি যেন দ্রুত দেশে ফিরিয়ে আনা হয়। একইসঙ্গে দালাল চক্রের শাস্তি দাবি করেছেন স্বজনরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## জ্বালানি-ভ্রমণ খাতে বরাদ্দের পুরো অর্থ ব্যয়ের অনুমতি পেলো পুলিশ

চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে বাংলাদেশ পুলিশের জন্য বরাদ্দকৃত কয়েকটি গুরুত্বপূর্ণ খাতে শতভাগ অর্থ ব্যবহারের অনুমোদন দিয়েছে অর্থ মন্ত্রণালয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পুলিশের জন্য ‘পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট’, বিদ্যুৎ, গ্যাস ও জ্বালানি এবং ভ্রমণ ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ পুরোপুরি ব্যয়ের বিষয়ে সম্মতি দেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট শাখা-৬ থেকে জারি করা এক চিঠিতে এ তথ্য জানানো হয়। গতকাল মঙ্গলবার (১২ মে) ইস্যু করা এ চিঠিতে সই করেন উপ-সচিব নাহিদ সুলতানা। চিঠিতে বলা হয়, অর্থ বিভাগের গত ৫ এপ্রিল জারি করা পরিপত্রের শর্ত শিথিল করে এ অনুমোদন দেওয়া হয়েছে। তবে এ সিদ্ধান্তকে ভবিষ্যতে কোনো দৃষ্টান্ত হিসেবে ব্যবহার করা যাবে না বলেও স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, আইন-শৃঙ্খলা রক্ষা, টহল কার্যক্রম, বিশেষ অভিযান এবং প্রশাসনিক কার্যক্রম সচল রাখতে জ্বালানি ও ভ্রমণ ব্যয়ের ধারাবাহিকতা নিশ্চিত করতেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অর্থ বিভাগের এমন সিদ্ধান্তে বাংলাদেশ পুলিশের কার্যক্রম আরও গতিশীল হবে বলে সংশ্লিষ্ট কর্মকর্তারা মনে করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য আসছে ‘শিশু স্বর্গ’ প্রকল্প

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের স্বাস্থ্য ও পুনর্বাসন সেবা নিশ্চিত করতে ‘শিশু স্বর্গ’ নামে একটি প্রকল্প চালুর সিদ্ধান্ত নিয়েছে সরকার। প্রাথমিকভাবে ১০ জেলার ১০ উপজেলায় দ্রুত এ কার্যক্রম শুরু করা হবে। বুধবার (১৩ মে) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্তের কথা জানানো হয়। প্রতিবন্ধীদের অধিকার সুরক্ষা ও সেবা নিশ্চিতে করণীয় নির্ধারণে এ সভার আয়োজন করা হয়। সভায় প্রতিবন্ধীদের অধিকার সুরক্ষা ও তাদের জন্য প্রয়োজনীয় সেবা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের কার্যকর উদ্যোগ নেওয়ার নির্দেশ দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, একটি মানবিক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে প্রতিবন্ধীবান্ধব অবকাঠামো নির্মাণের পাশাপাশি শিক্ষা, চিকিৎসা ও অন্যান্য মৌলিক সেবায় সমঅধিকার নিশ্চিত করতে হবে। পাশাপাশি সরকারি-বেসরকারি সব পর্যায়ে সমন্বিত উদ্যোগ নিয়ে প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে কাজ করার আহ্বান জানান তিনি। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, সমাজের প্রতিটি স্তরে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের মর্যাদা ও সক্ষমতাকে যথাযথভাবে মূল্যায়ন করতে হবে। এমন বাস্তবভিত্তিক পদক্ষেপ নিতে হবে, যাতে তারা সমাজ ও রাষ্ট্রের সব কার্যক্রমে সক্রিয়ভাবে অংশ নিতে পারেন। তিনি আরও বলেন, ভবন নির্মাণ নীতিমালায় হাসপাতাল, রেস্টুরেন্টসহ সরকারি ও বেসরকারি সব স্থাপনায় বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের যাতায়াতের উপযোগী অবকাঠামো ও টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে। কক্ষের দরজা এমনভাবে নির্মাণ করতে হবে, যাতে হুইল চেয়ার ব্যবহারকারীরা সহজেই প্রবেশ করতে পারেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## ৭ হাজার ৫৫০ ভরি সোনা আত্মসাৎ, বিক্রয়কর্মী নিজেই গড়ে তুলেছেন জুয়েলারি

রাজধানীর বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্সের একটি জুয়েলারি প্রতিষ্ঠানের ৭ হাজার ৫৫০ ভরি স্বর্ণালঙ্কার আত্মসাতের ঘটনায় প্রতিষ্ঠানের সাবেক বিক্রয়কর্মী কৃষ্ণ বসাককে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সিআইডি বলছে, আত্মসাৎ করা এসব স্বর্ণালঙ্কার বিক্রির টাকায় নিজেই জুয়েলারি প্রতিষ্ঠান গড়ে তুলেছেন কৃষ্ণ বসাক, হয়েছেন গাড়ি-বাড়ির মালিক। পুঁজিবাজারেও বিনিয়োগ আছে তার। মঙ্গলবার (১২ মে) দুপুরে বসুন্ধরা শপিং কমপ্লেক্সের সামনে থেকে সিআইডির ঢাকা মেট্রো পশ্চিম বিভাগের একটি দল কৃষ্ণ বসাক ওরফে স্বপন বশাককে গ্রেফতার করে। বুধবার (১৩ মে) সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, ২০১৯ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন সময় দোকান থেকে ৭ হাজার ৫৫০ ভরি স্বর্ণালঙ্কার আত্মসাৎ করেন কৃষ্ণ বসাক, যার বাজারমূল্য প্রায় ৯৪ কোটি ৩৭ লাখ ৫০ হাজার টাকা। এ ঘটনায় ২০২৪ সালের ২৬ সেপ্টেম্বর দোকান মালিকের ছেলে রাজধানীর তেজগাঁও থানায় একটি মামলা করেন। বসুন্ধরা শপিং কমপ্লেক্সে একাধিক জুয়েলারি দোকান রয়েছে তাদের। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## মালয়েশিয়ায় বিশেষ অভিযানে বাংলাদেশিসহ ৭৪ প্রবাসী আটক

মালয়েশিয়ার পুচং এলাকায় বিশেষ অভিযানে বাংলাদেশিসহ ৭৪ অবৈধ প্রবাসীকে আটক করেছে দেশটির ইমিগ্রেশন বিভাগ। মঙ্গলবার (১২ মে) বেলা ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত পরিচালিত এ অভিযানে নেতৃত্ব দেয় পুত্রাজায়া ইমিগ্রেশন বিভাগের এনফোর্সমেন্ট শাখা। জনসাধারণের অভিযোগ এবং এক সপ্তাহের গোয়েন্দা নজরদারির ভিত্তিতে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযোগ ছিল, বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠানে অবৈধভাবে বিদেশি নাগরিকদের কর্মসংস্থান দেওয়া হচ্ছিল। বুধবার (১৩ মে) ইমিগ্রেশন বিভাগের এক বিবৃতিতে জানানো হয়, অভিযানে ৫৯ জন ইমিগ্রেশন কর্মকর্তা অংশ নেন। তারা রেস্টুরেন্ট, খাদ্য দোকান, মুদি দোকান, সেলুন, লন্ড্রি, ব্যবসায়িক কিয়স্ক এবং একটি বড়ো সুপার মার্কেটসহ মোট ৩০টি প্রতিষ্ঠানে তল্লাশি চালান। তল্লাশির সময় ইন্দোনেশিয়া, মিয়ানমার, নেপাল, বাংলাদেশ, ভারত, পাকিস্তান ও চীনের ২৩ থেকে ৪৫ বছর বয়সি ৭৪ জন বিদেশিকে আটক করা হয়। তাদের বিরুদ্ধে ইমিগ্রেশন অ্যাক্ট ১৯৫৯/৬৩ এবং ১৯৬৩ সালের ইমিগ্রেশন বিধিমালার আওতায় বিভিন্ন অভিযোগ আনা হয়েছে। এছাড়া, তদন্তে সহায়তার জন্য স্থানীয় কয়েকজন সাক্ষীর বিরুদ্ধে পাঁচটি 'ফর্ম ২৯' সমন জারি করেছে ইমিগ্রেশন বিভাগ। বিবৃতিতে আরও বলা হয়, কিছু অসাধু চক্র স্থানীয় ব্যবসায়িক লাইসেন্সের আড়ালে অবৈধ বিদেশিকর্মী নিয়োগ দিয়ে সহজে লাভবান হওয়ার চেষ্টা করছে। ইমিগ্রেশন বিভাগ জানায়, অভিযানের সময় কিছু অবৈধ অভিবাসী আইন-শৃঙ্খলা বাহিনীকে উসকানি দেওয়া, সহযোগিতা না করা, পালানোর চেষ্টা এবং বিভিন্ন কৌশলে অভিযান ব্যাহত করার চেষ্টা করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## পারমাণবিক সুরক্ষা জাতীয় নিরাপত্তার সঙ্গে সরাসরি সম্পৃক্ত

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম বলেছেন, পারমাণবিক সুরক্ষা শুধু প্রযুক্তিগত বিষয় নয়, এটি জাতীয় নিরাপত্তা, আন্তর্জাতিক অঙ্গীকার ও রাষ্ট্রীয় দায়িত্বের সঙ্গে সরাসরি সম্পৃক্ত। বুধবার (১৩ মে) মিরপুর সেনানিবাসে অবস্থিত মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে (এমআইএসটি) আয়োজিত পারমাণবিক সুরক্ষা বিষয়ক এক বিশেষ বক্তৃতায় এ কথা বলেন তিনি। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, এমআইএসটির নিউক্লিয়ার সিকিউরিটি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি 'নিউক্লিয়ার সিকিউরিটি : ন্যাশনাল রেসপনসিবিলিটি আন্ডার ইন্টারন্যাশনাল কমিটমেন্ট অ্যান্ড ইটস ইমপ্লিকেশনস অন ন্যাশনাল সিকিউরিটি' শীর্ষক বিষয়ের ওপর বক্তব্য দেন। বক্তৃতায় প্রতিরক্ষা উপদেষ্টা পারমাণবিক সুরক্ষাকে জাতীয় নিরাপত্তার একটি গুরুত্বপূর্ণ ও কৌশলগত মাত্রা হিসেবে তুলে ধরেন। তিনি বৈশ্বিক প্রেক্ষাপটে পারমাণবিক সুরক্ষা বিষয়ে উদ্বেগ, আন্তর্জাতিক অঙ্গীকারের আলোকে বাংলাদেশের দায়িত্ব এবং এ ক্ষেত্রে দেশের অটল প্রতিশ্রুতির কথা উল্লেখ করেন। পাশাপাশি রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তায় বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা এবং দেশে পারমাণবিক সুরক্ষার বিদ্যমান পরিস্থিতি ও ভবিষ্যৎ চ্যালেঞ্জ নিয়েও বিস্তারিত আলোচনা করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## শিশুর জীবন রক্ষা ও নিরাপত্তার দাবি এনসিপির

শিশুদের জীবন রক্ষা ও দেশবাসীর নিরাপত্তার দাবি জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। বুধবার (১৩ মে) দলের ঢাকা মহানগর উত্তরের তেজগাঁও জোনের আয়োজনে মানববন্ধনে এ দাবি জানানো হয়। বিকেলে রাজধানীর ফার্মগেট মোড়ে এই মানববন্ধনে এনসিপির কেন্দ্রীয় ও মহানগর নেতাদের পাশাপাশি বিভিন্ন সামাজিক সংগঠনের প্রতিনিধি ও সচেতন নাগরিকরা অংশ নেন। এসময় শিশুমৃত্যুর ক্রমবর্ধমান হার, টিকাদান ব্যবস্থার দুর্বলতা এবং দেশে হত্যা, ছিনতাই ও চাঁদাবাজি বৃদ্ধির প্রতিবাদ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এনসিপির কেন্দ্রীয় সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক আরিফুল ইসলাম আদিব বলেন, দেশে শিশুমৃত্যুর হার বর্তমানে ভয়াবহ পর্যায়ে পৌঁছেছে। এই পরিস্থিতি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। একে অপরের ওপর দোষারোপ না করে অবিলম্বে কার্যকর পদক্ষেপ নেওয়ার মাধ্যমে শিশুমৃত্যুর হার নিয়ন্ত্রণে আনতে হবে। তিনি অন্তর্বর্তী সরকার, স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট দায়িত্বশীলদের জবাবদিহির আওতায় এনে বিভাগীয় তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## হামে আক্রান্ত ৬ মাসের শিশু নূর নাহারের পাশে দাঁড়ালেন জুবাইদা রহমান

'হামে ৬ মাসের শিশুর অবস্থা গুরুতর, মায়ের কাছে টাকা নেই, জানেন না কী করবেন' শীর্ষক খবর গণমাধ্যমে প্রকাশিত হওয়ার পর শিশুটির পাশে দাঁড়িয়েছেন ডা. জুবাইদা রহমান। এরই মধ্যে অসুস্থ শিশুটির চিকিৎসা এবং পরিবারটির সার্বিক খোঁজ-খবর নিয়েছেন। পাশাপাশি বিষয়টি তদারকির দায়িত্ব দিয়েছেন স্বেচ্ছাসেবী সংগঠন 'আমরা বিএনপি পরিবার' কে। এরই ধারাবাহিকতায় বুধবার (১৩ মে) বিকেল সাড়ে ৫টায় রাজধানীর মহাখালী সংক্রামক ব্যাধি হাসপাতালে শিশুটির চিকিৎসার খোঁজ-খবর নেয় 'আমরা বিএনপি পরিবারের' সদস্য সচিব কৃষিবিদ মোকছেদুল মোমিন মিথুনের নেতৃত্বে এক প্রতিনিধি দল। এসময় তারা শিশু নূর নাহারের মা স্বর্ণা আক্তারের সঙ্গে যোগাযোগ করে প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা নিশ্চিত করার উদ্যোগ নেন। পাশাপাশি তারা অসহায় পরিবারটির পাশে থাকার আশ্বাস দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

### হামে শিশুমৃত্যুর ঘটনায় ড. ইউনূস ও নুরজাহান বেগমের বিচার দাবিতে বিক্ষোভ

দেশে হামের প্রাদুর্ভাব ও শিশুমৃত্যুর ঘটনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এবং স্বাস্থ্য উপদেষ্টা নুরজাহান বেগমের বিচার দাবি করেছেন আইনজীবীরা। একইসঙ্গে, এ ঘটনার জন্য দায়ীদের বিচারের দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছেন ঢাকা আইনজীবী সমিতির একদল আইনজীবী। বুধবার (১৩ মে) বিকেলে ঢাকা মহানগর দায়রা জজ আদালত প্রাঙ্গণে 'ঢাকা আইনজীবী সমিতির সাধারণ আইনজীবী' ব্যানারে এ কর্মসূচি পালন করা হয়। এতে আওয়ামী লীগপন্থি আইনজীবীদের একটি অংশ অংশ নেন বলে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### ঈদুল আজহা; ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে আজ বুধবার থেকে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু করেছে বাংলাদেশ রেলওয়ে। সকাল ৮টা থেকে রেলওয়ের পশ্চিমাঞ্চলে চলাচলকারী ট্রেনগুলোর আসনের টিকিট বিক্রি শুরু হয়। দুপুর ২টায় শুরু হয়েছে পূর্বাঞ্চলে চলাচলকারী ট্রেনগুলোর আসনের টিকিট বিক্রি। ঈদযাত্রার টিকিট বিক্রির সূচি অনুযায়ী, আজ বিক্রি হচ্ছে ২৩ মে যাত্রার টিকিট। আগামীকাল ১৪ মে বিক্রি হবে ২৪ মে'র, ১৫ মে ২৫ মে'র, ১৬ মে ২৬ মে'র এবং ১৭ মে বিক্রি হবে ২৭ মে'র ঈদযাত্রার টিকিট। অন্যদিকে ফিরতি যাত্রার টিকিট বিক্রি হবে ২১ মে থেকে। ওইদিন বিক্রি হবে ৩১ মে'র টিকিট। ২২ মে বিক্রি হবে ১ জুনের, ২৩ মে ২ জুনের, ২৪ মে ৩ জুনের এবং ২৫ মে বিক্রি হবে ৪ জুনের টিকিট। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

### যুক্তরাজ্যে রাষ্ট্রপতির হৃদযন্ত্রে সফলভাবে স্টেন্ট স্থাপন

যুক্তরাজ্যে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা চলাকালে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের হৃদযন্ত্রে একটি গুরুত্বপূর্ণ ব্লক শনাক্ত হওয়ার পর জরুরিভিত্তিতে সফলভাবে এনজিওপ্লাস্টি ও স্টেন্ট (রিং) স্থাপন করা হয়েছে। বর্তমানে রাষ্ট্রপতির শারীরিক অবস্থা স্থিতিশীল ও সন্তোষজনক রয়েছে। যুক্তরাজ্যে অবস্থানরত রাষ্ট্রপতির ব্যক্তিগত চিকিৎসক কর্নেল ডা. এ কে এম ফয়জুল হক বঙ্গভবনের প্রেস উইংকে এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, আজ দুপুরে যুক্তরাজ্যের ক্যামব্রিজে অবস্থিত রয়্যাল প্যাপওয়ার্থ হাসপাতালে ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট ডা. স্টেফেন হোলির তত্ত্বাবধানে রাষ্ট্রপতির এনজিওগ্রাম সম্পন্ন হয়। পরীক্ষাকালে হৃদযন্ত্রের একটি ধমনিতে উল্লেখযোগ্য ব্লক ধরা পড়লে তাৎক্ষণিকভাবে এনজিওপ্লাস্টি করা হয় এবং একটি স্টেন্ট স্থাপন করা হয়। বর্তমানে রাষ্ট্রপতি হাসপাতালের চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণ ও তত্ত্বাবধানে রয়েছেন। রাষ্ট্রপতি তাঁর দ্রুত আরোগ্যের জন্য দেশবাসীর কাছে দোয়া কামনা করেছেন। উল্লেখ্য, রাষ্ট্র প্রধান ২০২৩ সালের অক্টোবরে সিঙ্গাপুরের ন্যাশনাল ইউনিভার্সিটি হাসপাতালে ওপেন হার্ট সার্জারি করান। পরবর্তীতে হৃদরোগ-সংক্রান্ত জটিলতার চিকিৎসার অংশ হিসেবে তিনি ক্যামব্রিজের রয়াল প্যাপওয়ার্থ হাসপাতালে ফলো-আপ চিকিৎসা গ্রহণ করে আসছেন। বিশ্বমানের হৃদরোগ চিকিৎসা ও গবেষণার জন্য সুপরিচিত রয়্যাল প্যাপওয়ার্থ হাসপাতাল বিশ্বের প্রথম সফল হার্ট ট্রান্সপ্লান্ট সম্পন্নকারী প্রতিষ্ঠানগুলোর অন্যতম হিসেবে স্বীকৃত। রাষ্ট্রপতি গত ৯ মে ফলো-আপ চিকিৎসা ও স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে লন্ডনের পথে ঢাকা ত্যাগ করেন। চিকিৎসা শেষে আগামী ১৮ মে তাঁর দেশে ফেরার কথা রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

### কোরবানির পশুর চামড়ার মূল্য নির্ধারণ করলো সরকার

আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে কোরবানির পশুর চামড়ার দাম নির্ধারণ করেছে সরকার। আজ বুধবার সচিবালয়ে কোরবানি সম্পর্কিত বিষয়ের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সভা শেষে ব্রিফিংকালে এ বিষয়ে জানান বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। বাণিজ্যমন্ত্রী জানান, এ বছর গরুর কাঁচা চামড়ার দর ঢাকার ভেতরে প্রতি বর্গফুট ৬২ থেকে ৬৭ টাকা নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি ঢাকার বাইরে গরুর কাঁচা চামড়ার প্রতি বর্গফুটের দাম ৫৭ থেকে ৬২ টাকা। এদিকে, সারা দেশে খাসির চামড়ার প্রতি বর্গফুট ২৫-৩০ টাকা এবং সারা দেশে বকরির চামড়ার দাম প্রতি বর্গফুটে ২২ থেকে ২৫ টাকা নির্ধারণ করা হয়েছে। ব্রিফিংয়ে বাণিজ্যমন্ত্রী জানান, কোরবানির পশুর চামড়া যেন নষ্ট না হয়, সেজন্য সারা দেশে সরকারি অর্থায়নে বিনামূল্যে লবণ পৌঁছানো হবে। এজন্য ইতোমধ্যে ১৭ কোটি ৬০ লাখ টাকার লবণ কেনা হয়েছে। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের মাধ্যমে জেলা-উপজেলায় এই লবণ পৌঁছে দেওয়া হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

### হাম ও উপসর্গ নিয়ে আরো ৮ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরো ৮ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে একজন নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মারা গেছে বলে জানিয়েছে স্বাস্থ্য বিভাগ। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা ৪৩২ জন। বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। বিবৃতিতে জানানো হয়, আজ সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম রোগে একজন আর হামের উপসর্গ নিয়ে মারা গেছে আরো ৭ জন। বিবৃতিতে আরো বলা হয়, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৬৯ জন এবং

সন্দেহজনক হামে মৃত্যুর সংখ্যা ৩৬৩ জন। উল্লেখ্য, এ পর্যন্ত সারা দেশে নিশ্চিত হাম আক্রান্ত সংখ্যা ৭,১৫০ এবং সন্দেহজনক হাম আক্রান্তের সংখ্যা ৫৩ হাজার ৫৬ জন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

## ভারতে পাচারের আগে বগুড়ায় বিষ্ণু মূর্তি উদ্ধার, গ্রেফতার ২

বগুড়ার শিবগঞ্জে অভিযান চালিয়ে প্রায় ৩১ কেজি ওজনের একটি কষ্টি পাথরের বিষ্ণু মূর্তি উদ্ধার করেছে জেলা গোয়েন্দা পুলিশ। এ ঘটনায় দুজনকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার (১২ মে) রাতে শিবগঞ্জ উপজেলার গড়মহাস্থান দক্ষিণপাড়া এলাকায় অভিযান চালিয়ে মূর্তিটি উদ্ধার করা হয়। গ্রেফতার ব্যক্তিরা হলেন- গড়মহাস্থান দক্ষিণপাড়ার রফিকুল ইসলাম ও বগুড়া সদর উপজেলার নিশিন্দারা পশ্চিমপাড়ার নাহিদুর রহমান। ডিবি পুলিশের দাবি, উদ্ধার হওয়া মূর্তিটি ভারতে পাচারের প্রস্তুতি চলছিল। ডিবি সূত্র জানায়, গোপন সংবাদের ভিত্তিতে শিবগঞ্জের গড়মহাস্থান এলাকায় একটি বাড়িতে জেলা গোয়েন্দা শাখার একটি দল সেখানে অভিযান চালায়। এ সময় একটি শয়ন কক্ষের খাটের ওপর থেকে মূর্তিটি উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া বিষ্ণু মূর্তিটির দৈর্ঘ্য ৩০ ইঞ্চি, প্রস্থ ১৪ ইঞ্চি এবং ওজন ৩০ কেজি ৭০০ গ্রাম বলে জানিয়েছে পুলিশ। বগুড়া জেলা গোয়েন্দা শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. ইকবাল বাহার বলেন, গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে কষ্টি পাথরের বিষ্ণুমূর্তিটি উদ্ধার করা হয়েছে। প্রাথমিকভাবে জানা গেছে, এটি ভারতে পাচারের পরিকল্পনা ছিল। এ ঘটনায় দুজনকে গ্রেফতার করা হয়েছে। তিনি আরও বলেন, উদ্ধার হওয়া মূর্তিটির প্রকৃত ঐতিহাসিক মূল্য ও উৎস যাচাইয়ে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সঙ্গে যোগাযোগ করা হবে। এ ঘটনায় শিবগঞ্জ থানায় চোরাচালানবিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

## এসএসসি-এইচএসসি পরীক্ষা নিয়ে নতুন পরিকল্পনা শিক্ষামন্ত্রীর

দশ বছরে এসএসসি এবং ১২ বছরে এইচএসসি পরীক্ষার লক্ষ্য নিয়ে সিলেবাস সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। বুধবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে ওয়ান গ্রিড সোলার প্রজেক্টের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। তিনি বলেন, আমরা আজকে তোমাদের পরীক্ষার বিষয়ে বসব। আমরা আলোচনা করব, কীভাবে তোমাদের এসএসসি এবং এইচএসসি পরীক্ষাগুলোর সিলেবাস কাভার করে সময় নষ্ট না করে, আমরা যেন ঠিক পথে এগিয়ে যেতে পারি। শিক্ষামন্ত্রী বলেন, তোমাদের জীবনে এসএসসি পাশ করতে যেন দশ বছর স্কুলিং, বারো বছর স্কুলিং, কোনো সেশনজট যেন না হয়। তোমরা যেন পিছিয়ে না পড়ো। সেই জন্য আজকে আমরা বসব, আলোচনা করে আমরা সিদ্ধান্ত নেব। তোমাদের স্বার্থে যেটা করা দরকার, সেটাই করব। তবে পরীক্ষা সুন্দরভাবে তোমাদের দিতে হবে। দেখেছ তোমরা? এখন পরীক্ষা সুন্দর হচ্ছে। কী কারণে? সকলেই চায় সুন্দর পরীক্ষা। সকলেই চাও না? তিনি আরও বলেন, পাঠ্যসূচিতে ব্যাপক পরিবর্তনের প্রয়োজন রয়েছে এবং শিক্ষা ব্যবস্থাকে আরও এগিয়ে নিতে হবে। পরীক্ষা পদ্ধতি আরও সুন্দর ও শৃঙ্খলিতভাবে সম্পন্ন করার চেষ্টা চলছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

## জামিন পেলেন নাবালক তিন সন্তানের সেই মা

অবশেষে জামিন পেলেন নওগার কারাগারে বন্দি নাবালক তিন সন্তানের মা আঁখি খাতুন। বুধবার বিকেল ৪টার দিকে তিনি জামিন পান। মাদক মামলায় ভ্রাম্যমান আলাদাতের আদেশে গেল ১৫ দিন ধরে নওগাঁর জেলা কারাগারে বন্দি ছিলেন তিনি। গত মার্চ মাসে মারা যান বাবা। একমাত্র আশ্রয় মাও জেলে। আর জেল গেটে এসে দিনের পর দিন দাঁড়িয়ে থাকে অসহায় শিশু সন্তানরা। সামান্য আইনি সহায়তা দেওয়ার কেউ ছিল না অসহায় তিন প্রতিবন্ধী সন্তানের মায়ের। এমন সংবাদ প্রচারিত হয় একটি বেসরকারি টেলিভিশিনে, যা নজর এড়ায়নি প্রধানমন্ত্রীর। এরপর সাথে সাথেই বিষয়টি খতিয়ে দেখতে ও অসহায় সেই নারীকে আইনি সহায়তা সহায়তা দেওয়ার জন্য নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর নির্দেশে স্থানীয় বিএনপি নেতৃবৃন্দ নামেন আইনি লড়াইয়ে। অবশেষে যথাযথ আইনি প্রক্রিয়ায় শেষে জামিন পান আঁখি খাতুন। জানা গেছে, গতকাল রাতে মহাদেবপুর উপজেলা বিএনপির সভাপতি রবিউল আলম বুলেটকে নির্দেশ দেন আইনি সহায়তা দিয়ে পরিবারটির পাশে দাঁড়ানোর জন্য। পরে যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমেই নাবালক তিন সন্তানের জননী অসহায় সেই আঁখি খাতুনের জামিনের ব্যবস্থা হয়। জামিনের পর আজই কারাগার থেকে মুক্তি পেয়েছেন তিনি। মুক্তির পর তিনি তিন সন্তানকে বুকে জড়িয়ে নেন। অনেকটা আবেগ আপ্লুত হয়ে পড়েন। দীর্ঘদিন পর সন্তানদের এভাবে বুকে জড়িয়ে নিয়ে তিনি যেন অন্যরকম এক শক্তির নিঃশ্বাস ফেললেন। একইসঙ্গে তার সন্তানরাও প্রধানমন্ত্রীর এমন মানবিক উদ্যোগে যেন অন্ধকারে দিশা খুঁজে পেলেন। এ বিষয়ে নওগাঁ জেলা ও দায়রা জজ আদালতের বর্তমান সরকারি কৌঁসুলি (পিপি) মো. শাহরিয়ার বলেন, আমাকে জানানো হয়, প্রধানমন্ত্রী বিষয়টি গুরুত্ব সহকারে দেখার নির্দেশ দিয়েছেন। ওই নারী যেন আইন অনুযায়ী ন্যায়বিচার ও প্রতিকার পান, সে বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে এবং অগ্রগতি জানানোসহ বিষয়টি খতিয়ে দেখার নির্দেশ দেন। এর পরপরই তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়। পরে বিষয়টি বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ মোহাম্মদ রকনুজ্জামানের নজরে আনা হলে আদালত আসামিপক্ষকে আবেদন দাখিলের নির্দেশ দেন। আসামিপক্ষের আইনজীবী অ্যাডভোকেট আবু জায়েদ মোহাম্মদ রফিকুল আলম রফিক আবেদন উপস্থাপন করেন। উভয়পক্ষের শুনানি শেষে আদালত সন্তুষ্ট হয়ে ওই নারীকে জামিন মঞ্জুর করেন। তিনি বলেন, ভদ্র মহিলা ইতোমধ্যে কারাগার থেকে মুক্তি পেয়েছেন। তিনি এখন আমাদের

এখানেও উপস্থিত আছেন। আইন অনুযায়ী, তিনি যে প্রতিকার পাওয়ার অধিকারী ছিলেন, সেটিই তিনি পেয়েছেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

**পদ্মা ব্যারেজ আমাদের স্বার্থ, ভারতের সঙ্গে আলোচনার কিছু নেই : পানিসম্পদমন্ত্রী**

পানি সম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, পদ্মা ব্যারেজ আমাদের স্বার্থের ব্যাপার। ভারতের সঙ্গে আলোচনার কিছু নেই। গঙ্গা নিয়ে আলোচনার প্রয়োজন, সেটা চলছে। বুধবার সকালে সচিবালয়ে শুরু হওয়া জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেকের বৈঠকে প্রায় ৩৫ হাজার কোটি টাকা ব্যয়ে পদ্মা ব্যারেজ প্রকল্প অনুমোদনের পর, সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। পানিসম্পদ মন্ত্রী বলেন, পদ্মা ব্যারেজ দেশের মোট আয়তনের এক তৃতীয়াংশ ২৪টি জেলার প্রায় সাত কোটি মানুষ উপকার পাবে। ৫ বছরের, প্রতি বছরে ৭ হাজার কোটি টাকা করে সম্ভাব্য ৩৪ হাজার ৪৯৪ কোটি টাকা ব্যয়ে দেশীয় অর্থায়নে বাস্তবায়ন হবে প্রকল্পটি। এ্যানি বলেন, খাল খননের মাধ্যমে পানি আনা প্রাথমিক পরিকল্পনা। প্রকল্পের মাধ্যমে পানি মজুতে কারিগরি দিকটি গুরুত্বপূর্ণ। গঙ্গা চুক্তি বাস্তবায়নে কারিগরি দল কাজ করছে। মন্ত্রী আরও বলেন, ফারাক্কা ব্যারেজের কারণে যে ক্ষতি হয়েছে, সেটা কাটিয়ে উঠতে রাজবাড়ীতে ব্যারেজের যে অংশ হবে, সেখানে পানি মজুত করা হবে। ৫৪টি নদীর হিস্যা এখানে নয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

**নবম জাতীয় পে স্কেলের সম্ভাব্য বেতন গ্রেড প্রকাশ**

সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে ২০২৬ সালে নতুন জাতীয় বেতন কাঠামো বা নবম পে স্কেল ঘোষণার বিষয়ে জোরালো আলোচনা শুরু হয়েছে। স্বাধীনতার পর ১৯৭৩ সালে প্রথম বেতন স্কেল কার্যকর হওয়ার পর থেকে ২০১৫ সাল পর্যন্ত দেশে মোট আটবার নতুন বেতন কাঠামো প্রণয়ন করা হয়েছে। সাধারণত প্রতি পাঁচ বছর অন্তর নতুন পে-স্কেল দেওয়ার রীতি থাকলেও, বিশ্বজুড়ে মহামারি পরিস্থিতি এবং সাম্প্রতিক অর্থনৈতিক চাপের কারণে এই প্রক্রিয়া বেশ কয়েক বছর পিছিয়ে যায়। তবে চলতি বছরের শুরু থেকেই সচিবালয়সহ সরকারি প্রশাসনের বিভিন্ন স্তরে নতুন বেতন কাঠামো নিয়ে নতুন করে আশার সঞ্চার হয়েছে। সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, প্রস্তাবিত নবম জাতীয় বেতন কাঠামো নিয়ে সরকারের নীতি-নির্ধারণী পর্যায়ে বর্তমানে বিস্তারিত পর্যালোচনা চলছে। এ লক্ষ্যে গঠিত ১০ সদস্যের একটি বিশেষ উচ্চপর্যায়ের কমিটি বিভিন্ন সুপারিশ ও আর্থিক দিক বিশ্লেষণ করে চূড়ান্ত মতামত তৈরির কাজ করছে। বিশেষ করে, জীবনযাত্রার ব্যয়বৃদ্ধি এবং মুদ্রাস্ফীতির সঙ্গে সংগতি রেখে সরকারি কর্মচারীদের জীবনমান উন্নয়নের বিষয়টি এই কমিটিতে সবচেয়ে বেশি গুরুত্ব পাচ্ছে। সচিবালয় সূত্রে জানা গেছে, কমিটি দ্রুততম সময়ের মধ্যে তাদের সুপারিশমালা পেশ করবে। প্রস্তাবিত এই নবম পে স্কেলের একটি সম্ভাব্য খসড়া নিয়ে বর্তমানে সরকারি মহলে ব্যাপক কৌতূহল ও আলোচনা সৃষ্টি হয়েছে। যদিও এটি একটি প্রাথমিক প্রস্তাব মাত্র, তবুও এতে ১ নম্বর গ্রেডের বেতন ধরা হয়েছে ১ লাখ ৬০ হাজার টাকা (নির্ধারিত)। একইভাবে ১০ নম্বর গ্রেডের বেতন ৩২ হাজার থেকে ৭৭ হাজার ৩০০ টাকা এবং সর্বনিম্ন ২০ নম্বর গ্রেডের বেতন ২০ হাজার থেকে ৪৮ হাজার ৪০০ টাকা করার সুপারিশ করা হয়েছে বলে গুঞ্জন রয়েছে। নবম গ্রেডের কর্মকর্তাদের বেতন ৪৫ হাজার ১০০ টাকা থেকে ১ লাখ ৮ হাজার ৮০০ টাকার মধ্যে রাখার প্রস্তাবনাও এতে অন্তর্ভুক্ত রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ নারগীস)

**২০২৭ সালের জানুয়ারির শেষে এসএসসি ও জুনে এইচএসসি : শিক্ষামন্ত্রী**

আগামী বছর থেকে এসএসসি পরীক্ষা জানুয়ারি মাসের শেষ দিকে এবং এইচএসসি পরীক্ষা জুন মাসের শেষের দিকে অনুষ্ঠিত হবে, এমনটি জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। বুধবার বিকেলে গাজীপুরের ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনলজির এক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, গত কয়েক বছরে করোনাসহ বিভিন্ন কারণে দেশের শিক্ষাব্যবস্থায় যে সেশনজট তৈরি হয়েছে, তা ধীরে ধীরে স্বাভাবিক পর্যায়ে ফিরিয়ে আনতে কাজ করছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষার্থীদের ওপর অতিরিক্ত চাপ কমানো এবং পাঠদান কার্যক্রমকে সুশৃঙ্খল রাখতে সরকার বাস্তবসম্মত সময়সূচি নির্ধারণের সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া, পরবর্তী বছরগুলোতে সেশনজট পুরোপুরি নিরসন করে পরীক্ষাগুলো নির্ধারিত সময়ে আয়োজনের লক্ষ্য নিয়ে কাজ চলছে। শিক্ষামন্ত্রী আরও বলেন, শিক্ষা মন্ত্রণালয় ও নীতি-নির্ধারকদের কারণে কোনো শিক্ষার্থীর জীবন থেকে যেন অতিরিক্ত দুই বছর ঝরে না পড়ে, সে জন্য আমরা ধীরে ধীরে সবকিছু সমন্বয় করছি। তিনি আরও বলেন, সেশনজট সম্পূর্ণভাবে বন্ধ করতে বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি ও একাডেমিক কার্যক্রম নিয়মিত করা হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

**দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে সোলার প্যানেল বসানোর ঘোষণা শিক্ষামন্ত্রীর**

দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে পর্যায়ক্রমে সোলার প্যানেল স্থাপনের ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, শিক্ষা খাতে কোনো ধরনের কার্পণ্য করবে না সরকার এবং ২০৩০ সালের মধ্যে দুই হাজার মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আজ বুধবার রাজধানীর ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, দেশের সব

শিক্ষাপ্রতিষ্ঠানে ধাপে ধাপে সৌরবিদ্যুৎ ব্যবস্থা চালু করা হবে। নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে পরিবেশবান্ধব ক্যাম্পাস হিসেবে গড়ে তুলতে সরকার কাজ করছে। তিনি আরও বলেন, একজন শিক্ষার্থীর মাধ্যমিক স্তর শেষে এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিতে যেন ১০ বছরের বেশি সময় ব্যয় না হয়, সে বিষয়ে সরকার পরিকল্পনা করছে। সেশনজট কমিয়ে নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষাজীবন সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৫.২০২৬ আসাদ)

# BBC

**TRUMP LANDS IN BEIJING AHEAD OF TALKS WITH XI IN TWO-DAY CHINA VISIT**

US President Donald Trump has arrived in China for his first visit in almost a decade ahead of high-stakes talks with President Xi Jinping. Also abroad Air Force One when it touched down in Beijing were some of the biggest names in US industry - including tech billionaire Elon Musk, Nvidia's Jensen Huang, and Boeing's Kelly Ortberg. Trade is expected to be high on the agenda. Trump has said his "very first request" will be for China to "open up" so these "brilliant people can work their magic". The US has had a bumpy relationship with China on trade - with Trump having reignited a trade war started in his first term early in his second term, before agreeing a truce last October. But there are other issues on the table. China is widely thought to be able to exert influence over Iran - where Trump is seeking a peace deal, although he insists he does not need China's help. But China has its own interests in the area - it's estimated to buy around 90% of Iran's oil imports.
(BBC News Web Page: 13/05/26, FARUK)

**CHINA'S XI EXPECTED TO PRESS TRUMP ON TAIWAN, TARIFFS DURING SUMMIT**

Chinese President Xi Jinping is expected to seek concessions on Taiwan and US tariffs when he meets United States President Donald Trump for a high-stakes summit taking place in the shadow of the war on Iran. While Taiwan's government considers itself the head of a de facto sovereign state, Beijing views the island as an inalienable part of its territory. The US formally cut ties with Taiwan - also known as the Republic of China - decades ago, but is committed to adding the self-governing democracy's defence under the 1979 Taiwan Relations Act. (BBC News Web Page: 13/05/26, FARUK)

**PASSENGERS HELD ON CRUISE SHIP IN FRANCE AFTER GASTROENTERITIS OUTBREAK**

More than 1,000 passengers are being held on a UK-operated cruise ship in France after 49 people fell ill from gastroenteritis. Local authorities in Bordeaux said three passengers had been isolated in their cabins on the Ambition, while other passengers will not be able to disembark in the port. They added that there was "no reason" to link the outbreak to the hantavirus outbreak on a separate cruise ship. Ambassador Cruise Line told the BBC in a statement that "a number of guests and crew onboard Ambition have display or are displaying symptoms consistent with gastrointestinal illness". The cruise line said that as of 11:00 BST on Wednesday, 48 passengers were displaying symptoms consistent with gastrointestinal illness, as well as one crew member.
(BBC News Web Page: 13/05/26, FARUK)

**CLIMBERS CLEAR PATH TO EVEREST SUMMIT PAST GIANT CHUNK OF ICE**

An elite team of Nepali climbers have managed to clear a way to the summit of Mount Everest, as experts warn of overcrowding this climbing season. Hundreds of mountaineers and their guides have been stranded for the past few weeks at the Everest Base Camp in Nepal after a huge chunk of ice blocked their only viable route. The Nepali climbers managed to fix ropes and ladders as they found a way past the obstacle on Wednesday morning. Other climbers can now start climbing up using these ropes. Almost 500 foreign climbers have been granted permits to scale the 8,849m peak this year. Most attempt the ascent with at least one Nepali guide, who do not require permits.
(BBC News Web Page: 13/05/26, FARUK)

**GAZA SISTERS WIN PRIZE FOR TURNING RUBBLE INTO REUSABLE BRICKS**

Two teenage sisters from Gaza have won an environmental award for turning rubble into reusable bricks, saying they wanted to "turn destruction into something useful". Farah and Tala Mousa, who live in a tent and have been repeatedly displaced since their home was bombed, have been named the Middle East regional winners of the youth-focused Earth Prize. "After our entire city turned into rubble, everything around us pushed us to think about a solution," 17-year-old Tala told the BBC. The sisters plan to use their $12,500 prize to

teach others to produce the bricks and "participate in reconstruction themselves, instead of waiting only for outside help," 15-year-old Farah said. The UN estimates 1.9 million people in Gaza - nearly 90% of the population - have been displaced since war began in 2023, triggered by the Hamas-led attack on southern Israel on 7 October. Israel responded by launching a military campaign against Hamas in the territory.
(BBC News Web Page: 13/05/26, FARUK)

**GHANA TO EVACUATE 300 FROM SOUTH AFRICA OVER ANTI-IMMIGRANT PROTESTS**

Ghana says it will evacuate 300 citizens from South Africa following a recent wave of protests against foreign nationals. Foreign Minister Samuel Okudzeto Ablakwa said in a post on X on Tuesday that the Ghanaian president had granted approval for their "immediate evacuation". He said the "distressed" Ghanaians had registered at the country's embassy in Pretoria to be rescued in response to an advisory by the foreign ministry "following the latest wave of xenophobic attacks". Last week, South African authorities denied that anyone had been attacked , saying the widely circulated videos were fake.
(BBC News Web Page: 13/05/26, FARUK)

**RUSSIAN DRONE ATTACKS KILL NINE IN UKRAINE AFTER CEASEFIRE EXPIRES**

Nine people have been killed and at least 28 injured in the latest Russian drone attacks across Ukraine, local officials have said. They said the worst-hit was the central Dnipropetrovsk region, where eight people were killed and 11 Injured throughout Tuesday. One casually was reported in the eastern Donetsk region. Overall, 14 regions were attacked. On Wednesday morning, President Volodymyr Zelensky said more than 100 Russian drones were currently over Ukraine, warning of "more waves" of attacks throughout the day. Meanwhile, Russian officials said a gas processing plant and two other industrial facilities in three regions were hit by Ukrainian drones overnight. No casualties were reported.
(BBC News Web Page: 13/05/26, FARUK)

**UK PROMISES JETS, DRONES AND WARSHIP FOR STRAIT OF HORMUZ DEFENCE MISSION**

The UK has said it will contribute drones, fighter jets and a warship to a joint mission aimed at safeguarding shipping in the Strait of Hormuz. Defence minister John Healey announced the package at a virtual summit of defence ministers on Tuesday. It includes autonomous systems to detect and clear naval mines, drone boats and Typhoon jets for air patrols. More than 40 other nations are involved in the mission, which Healey said would be begin when conditions allow. For months Iran has been controlling the Strait of Hormuz - one of the world's busiest oil shipping channels - in retaliation for US and israeli attacks. More than 1,000 British personnel are already deployed in the region as part of existing defensive operations, including counter-drone teams and fast jet squadrons, the ministry said.
(BBC News Web Page: 13/05/26, FARUK)

**LEBANON SAYS TWO PARAMEDICS AMONG 13 KILLED IN ISRAELI STRIKES**

Israeli air strikes have killed at least 13 people in southern Lebanon, state media say, where a ceasefire has failed to stop the war between Israel and the Lebanese armed group Hezbollah. Overnight, six people were killed and seven others were injured when a house in Kfar Dounine was hit, according to Lebanon's state-run National News Agency (NNA). On Tuesday afternoon, Lebanon's health ministry said two paramedics from the state-run Lebanese Civil Defence emergency service were killed and a third was injured in an Israeli strike on Nabatieh, as they carried out a rescue mission in response to an earlier attack that killed one person. (BBC News Web Page: 13/05/26, FARUK)

**PHILIPPINE SENATE IN LOCKDOWN AFTER GUNSHOTS FIRED**

The Philippine Senate is in lockdown with military personnel seen entering the building where a senator wanted by the International Criminal Court had sought refuge. Rounds of gunfire have been heard - it's not clear who fired the shots. There were no immediate reports of casualties. Senator Ronald Dela Rosa said earlier he believed his arrest was imminent and urged Filipinos to prevent it. His whereabouts are currently unclear. He is accused by the ICC of killing dozens of people when he was police chief during former president Rodrigo Duterte's war on drugs, in which thousands of alleged dealers were shot and killed. Duterte has been held at The Hague since March 2025. (BBC News Web Page: 13/05/26, FARUK)

**:: THE END ::**